ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



সালমানের খামার বাড়িতে প্রবেশের চেষ্টা, গ্রেফতার ২

পৃঃ ৫



ইংল্যান্ড সিরিজেও অনিশ্চিত শামি

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Gov of India Reg No : WB18D0018520 (UAN) ● Website : https://epaper.newssaradin.live/ বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ০১৩ ● কলকাতা ● ২৭ পৌষ, ১৪৩০ ● শনিবার ● ১৩ জানুয়ারী, ২০২৪ পৃষ্ঠা - ৬ ২ টাকা

## ১০ ঘন্টা পর সুবোধ চক্রবর্তীর বাড়ি থেকে বেরিয়ে গেল ইডি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : দমদম: নিউজ সারাদিন : দীর্ঘ ১০ ঘণ্টা পর উত্তর দমদম পুরসভার প্রাক্তন পুরপ্রধান সুবোধ চক্রবর্তী বাড়ি থেকে বের হল ইডি। এদিন ইডি অফিসাররা প্রিন্টার নিয়ে প্রাক্তন চেয়ারম্যানের বাড়িতে তল্লাশিতে যায়। ইডি অফিসাররা বেরিয়ে যাওয়ার পর প্রাক্তন চেয়ারম্যান সাংবাদিকদের জানান তিনি যে লিখিত বয়ান দিয়ে এসেছিলেন তার প্রিন্ট আউট ওই মেশিন থেকে বের করে যাওয়ার আগে তাকে দিয়ে স্বাক্ষর করিয়ে নিয়েছেন ইডি অফিসাররা। উত্তর দমদম পৌরসভার প্রাক্তন পৌরপ্রধান সুবোধ চক্রবর্তী বাড়িতে শুক্রবার সকালে ইডি অভিযানে যায়।সুজিত বোসের ছেলে সমুদ্র বোসকে ইডি আধিকারিকরা নিয়ে যায় শ্রী ভূমি স্পোর্টিং ক্লাবের উল্টো দিকের দোতালায় তল্লাশির করার জন্য। সুজিত বসুর দুটি বাড়িতে ম্যারাথন তল্লাশি চালায় ইডি। সুজিত ঘোষের ছেলে সমুদ্র বোস শুক্রবার সন্ধ্যায় সাংবাদিকদের কাছে অভিযোগ করেন মন্ত্রী সন্ধ্যায় বিবেকানন্দের জন্মদিন উপলক্ষে একাধিক অনুষ্ঠানে যাওয়ার জন্য ইচ্ছা প্রকাশ করলেও ইডি তাকে সেই অনুমতি দেয় নি। ইডির পক্ষ থেকে স্পষ্ট দাবি করা হয় যতক্ষণ তল্লাশি চলবে ততক্ষণ মন্ত্রীকে সেখানে উপস্থিত থাকতে হবে।শুক্রবার সকাল সাড়ে সাড়ে ছয়টা নাগাদ ইডির প্রতিনিধি দল ১৯ নম্বর ওয়ার্ডের অন্তর্গত তিন নম্বর খলিসাকোটা পল্লীতে সুবোধ

এরপর ৩ পাতায়

## সুজিত ঠিকই বলেছিলেন, সিবিআই তাঁকে চিঠি দেয়নি কখনও,

# তবু দেওয়ালে লেখা ছিল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : পাঁচ মাস আগের ঘটনা। তখনই রটে গিয়েছিল যে পুর নিয়োগ দুর্নীতির তদন্ত সূত্রে রাজ্যের এক মন্ত্রীকে জরুরি ভিত্তিতে জেরা করার জন্য ডেকে পাঠানো হয়েছে। সংবাদমাধ্যমের একাংশের লেখাও হয়েছিল যে সেই তিনি হলেন দমকল মন্ত্রী সুজিত বসু।সুজিত যে তখনই সিঁদুরে মেঘ দেখতে পেয়েছিলেন, তা এই কথাতেই পরিষ্কার। অক্টোবর, নভেম্বর দু'মাস পুজো পার্বণ নিয়ে কেটে গিয়েছে। দেখা গেল শুক্রবার সকাল থেকে সুজিত বসুর বাড়িতে তল্লাশিতে নেমে পড়েছে ইডি। একদা ছোটখাটো ব্যবসা করতেন সুজিত বসু। বাম জমানায় সুভাষ চক্রবর্তীর হাত ধরে রাজনীতিতে আসেন সুজিত। তার পর জোড়াফুলে আসেন। অনেকের কথায়, গত বিশ-পঁচিশ বছরে সুজিতের উত্থান ও তাঁর প্রতিপত্তির বাড় বৃদ্ধি চোখে পড়ার মতই। পুর নিয়োগ দুর্নীতির তদন্ত সূত্রে তাঁর বাড়িতে ঢুকেছে। এবার সম্পত্তির হিসাব নিয়ে না টানাটানি শুরু হয়!এও দাবি করা হচ্ছিল, যে সুজিতকে ৩১ অগস্টের মধ্যে হাজিরা দিতে বলা হয়েছে। কিন্তু গত ২৪ অগস্ট সুজিত বসু দ্য ওয়ালকে পষ্টাপষ্টিই জানিয়েছিলেন, সিবিআইয়ের কোনও চিঠি তিনি পাননি।

সুজিত সেদিন ছিলেন বিধানসভায়। দ্য ওয়ালের প্রতিবেদককে তিনি বলেছিলেন, 'বাড়িতে ফোন করে দেখেছি, কোনও চিঠি পাইনি। মিথ্যে বলব কেন? সিবিআই ডাকলে যাব।'

পরে সিবিআই সূত্রেও জানা যায় যে তারা সেই সময়ে কোনও চিঠি পাঠায়নি। তবে অনেকের মতে দেওয়াল লিখন তখনই পড়ে ফেলেছিলেন সুজিত।দক্ষিণ দমদম পুরসভার ভাইস চেয়ারম্যান ছিলেন সুজিত বসু। তাঁর বহুদিনের আপ্ত সহায়ক ছিলেন নিতাই দত্ত। লেকটাউনের

এরপর ৩ পাতায়

## দমদম থানার আই সি-কে

# সুবোধের বাড়িতে ঢুকতেই দিল না ইডি




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : সাতসকালে ইডির ধামাল অ্যাকশন। মন্ত্রী থেকে বিধায়ক, তৃণমূল হেভিওয়েটদের বাড়িতে জোর তল্লাশি। ওদিকে কুয়াশায় ঢাকা সকালে ইডির তল্লাশি অভিযানের খবর পেয়ে দমদমের ১৯ নম্বর ওয়ার্ডের তিন নম্বর খলিসাকোটা পল্লীতে উত্তর দমদম পৌরসভার প্রাক্তন চেয়ারম্যান তথা পুরসভার ১৯ নম্বর ওয়ার্ডের কাউন্সলির সুবোধ চক্রবর্তীর বাড়িতে পৌঁছে যান দমদম থানার আইসি বঙ্কিম বিশ্বাস।সূত্রের খবর, এদিন ভোর ৬টার কিছু পর দমদম পৌরসভার প্রাক্তন চেয়ারম্যান তথা শাসকদলের কাউন্সিলর সুবোধ চক্রবর্তীর বাড়িতে হানা দেয় ইডি। জানা গিয়েছে, নিজের ছেলে ও মেয়েকে বেআইনিভাবে চাকরি পাইয়ে দেওয়ার অভিযোগেই তার বিরুদ্ধে অ্যাকশনে ইডি।

রাজ্যের শিক্ষক নিয়োগ দুর্নীতিতে ধৃত প্রোমোটার তথা প্রযোজক অয়ন শীলের সূত্র ধরেই সর্বপ্রথম পুর নিয়োগ দুর্নীতির হদিস মেলে। পুরসভায় নিয়োগ দুর্নীতির খোঁজ মিলতেই আলাদা মামলা দায়ের করে একজোটে তদন্তে নামে সিবিআই, ইডি। ইডি সূত্রে খবর, অয়ন শীলের বাড়িতে তল্লাশির সময় সেখানে একটি ফোল্ডার পাওয়া গিয়েছিল। ফোল্ডারে

এরপর ৩ পাতায়



## নবজোয়ারের অনুকরণে

# ডেবরায় তৃণমূলের জনসংযোগ যাত্রা



**তারক হরি, পশ্চিম মেদিনীপুর : নিউজ সারাদিন :** সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জির অনুপ্রেরণায়
পশ্চিম মেদিনীপুর জেলার ডেবরা ব্লক তৃণমূল কংগ্রেসের উদ্যোগে নব জোয়ারের অনুকরণে "জনসংযোগ যাত্রা" শুরু হল।
ডেবরা ব্লক সভাপতি প্রদীপ কর দুদিন আগেই সাংবাদিক বৈঠক করে জনিয়ে দিয়েছিলেন, এই কর্মসূচির মাধ্যমে ডেবরা ব্লকের বিভিন্ন গ্রাম গ্রামে গিয়ে মানুষের সাথে কথা বলবেন,তাঁদের অভাব অভিযোগ শুনবেন। নিবিড় সম্পর্ক তৈরি করতে ডেবরা ব্লকের ৯৭ টি বুথ,১৪ টি অঞ্চল ২৫০ কিমি পথ ভেঙে তৃণমূল নেতৃত্বরা পৌঁছে যাবেন মানুষের দুয়ারে দুয়ারে। পাশাপাশি এলাবাসীর বাড়িতে রাত্রি যাপনও করবেন। ৩ দিনের এই কর্মসূচির আজ শুক্রবার প্রথম দিন। সেই মতো রেলি করে সাইকেল নিয়েই বেরিয়ে পড়লেন ডেবরার বিধায়ক হুমায়ূন কবীর,ব্লক সভাপতি প্রদীপ কর, যুব সভাপতি প্রকাশ মিশ্র সহ ডেবরা ব্লক তৃণমূলের একাধিক নেতৃত্বরা।

## পথশ্রী প্রকল্পে রাস্তা নির্মাণের

# দুর্নীতির অভিযোগ



**আমিরুল ইসলাম, হরিশ্চন্দ্রপুর, মালদা, নিউজ সারাদিন :** পথশ্রী প্রকল্পে রাস্তা নির্মাণের দুর্নীতি হয়েছে এই অভিযোগ তুলে বিডিও এবং ঠিকাদারের বিরুদ্ধে রাস্তা অবরোধ করে টায়ার জ্বালিয়ে বিক্ষোভ দেখালেন গ্রামবাসী। ঘটনাটি ঘটেছে হরিশ্চন্দ্রপুর ২ নম্বর ব্লকের দৌলতপুর গ্রাম পঞ্চায়েতের লতাসি এলাকায়। এদিন সকাল থেকেই গ্রামের মূল রাস্তাটি অবরোধ করে টায়ার জ্বালিয়ে বিক্ষোভ দেখান গ্রামবাসীরা। এমনকি হরিশ্চন্দ্রপুর দু'নম্বর ব্লকের বিডিও এবং ওই কাজে যুক্ত ঠিকাদারের বিরুদ্ধে দুর্নীতির স্লোগান তুলতে থাকেন। এই ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে হরিশচন্দ্রপুর থানা এলাকা জুড়ে। রাস্তা নির্মাণের দুর্নীতির অভিযোগ ভিত্তিহীন বলে দাবি করেছে কন্ট্রাক্টর। যদিও গ্রামবাসীদের ওই অভিযোগ খতিয়ে রাখার রাস্তা দিয়েছেন হরিশ্চন্দ্রপুরের দু'নম্বর ব্লকের বিডিও তাপস পাল। স্থানীয় সূত্রে জানা যায় হরিশ্চন্দ্রপুর দু'নম্বর ব্লক এলাকার লতাছি গ্রামের হঁদা মিস্ত্রির বাড়ি থেকে গোলাম এর বাড়ি পর্যন্ত ১১০০ মিটার রাস্তা গত বছর ৩৮ লক্ষ টাকা ব্যয় করে নির্মাণ করা হয়। এরপরই অভিযোগ উঠে ওই কাজে যুক্ত ঠিকাদার সিডিউল না মেনে এই রাস্তা নির্মাণ করেছে। রাস্তা নির্মাণ করার চার মাসও কাটেনি। এর মধ্যেই রাস্তা বিভিন্ন জায়গায় ভেঙে যাচ্ছে। এই নিয়ে সংশ্লিষ্ট ব্লকের বিডিও কে একাধিকবার অভিযোগ জানানো হয়েছিল। কিন্তু সেখান থেকে আশ্বাস মিললেও কোন কাজ হয়নি। তাই আজকে গ্রামবাসী ওই রাস্তা অবরোধ করে বিক্ষোভ প্রদর্শন করে। অবিলম্বে রাস্তা মেরামত না হলে তারা আন্দোলনের সামিল হবেন বলে জানিয়েছেন। যদিও সমস্ত অভিযোগ ভিত্তিহীন বলে দাবি করেছেন ওই কাজের সঙ্গে যুক্ত ঠিকাদার ইব্রাহিম। তার দাবি এলাকার কিছু লোক তার কাছে দাদাগিরি ট্যাক্স হিসেবে লক্ষ্যাদিক টাকা দাবি করেছিল তিনি দিতে রাজি না হওয়াতেই এখন এই বিক্ষোভ শুরু করেছে তারা। রাস্তা নির্মাণ কাজ সিডিউল মেনেই করা হয়েছে।

চুক্তিভিত্তিক মার্কেটিং জানার সাংবাদিক নিয়োগ করা হবে।
সব রাজ্যে,
সব জেলা ও মহকুমাতে।
যে সব মার্কেটিং জানা সাংবাদিকরা কাগজের সঙ্গে যুক্ত হতে ইচ্ছুক ,
যোগাযোগ করুন ৯৫৬৪৩৮২০৩১

## স্বামী বিবেকানন্দের ১৬২ তম জন্ম দিবস উপলক্ষে

# বিভিন্ন অনুষ্ঠান উদযাপন হল নবদ্বীপের বিভিন্ন প্রান্তে



**অভিজিৎ সাহা, নবদ্বীপ, নদিয়া : নিউজ সারাদিন :** ১৬২ তম স্বামী বিবেকানন্দের জন্ম দিবস উপলক্ষে রামকৃষ্ণ মিশন নবদ্বীপ শাখার পক্ষ থেকে বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে শুরু হল জাতীয় যুব দিবস ও যুব সপ্তাহ পালন। ১২ই জানুয়ারী সকাল ৬ঃ৩৩ঃ৩৩-এ তাঁর শুভ জন্মক্ষণে করা হয় মঙ্গলশঙ্খধ্বনি। এরপর সকাল আটটায় নয় শতাধিক স্বামী বিবেকানন্দ অনুরাগী ছাত্রছাত্রী, এনসিসি ক্যাডেট ও সাধারণ মানুষ শ্রীমন মহাপ্রভু , ঠাকুর, মা ও স্বামীজীর ছবি, ট্যাবলোসহ নবদ্বীপ শহর প্রদক্ষিণ করেন। উপস্থিত নবদ্বীপ মিশনের সভাপতি ডঃ শিহরণ চক্রবর্তী, সহ-সভাপতি সব্যসাচী মন্ডল, সহ-সম্পাদক সন্দীপ পাল প্রমুখ। মিশনের সামনে ও রাধাবাজার পার্কে স্বামী বিবেকানন্দের মূর্তিতে মাল্যদান করেন শাখার সম্পাদক স্বামী অমরেশ্বরানন্দ। স্বামী অমরেশ্বরানন্দ জানান ১৩ই জানুয়ারী হবে সাংস্কৃতিক প্রতিযোগিতা, বিষয় - অঙ্কন, স্বামী বিবেকানন্দের স্বদেশমন্ত্র পাঠ, আবৃত্তি, গান, বক্তৃতা ও ক্যুউজ। ১৪ই জানুয়ারী যুব সন্মেলনে বক্তব্য রাখবেন স্বামী শ্রীবাসানন্দ, বেলুড় মঠ।

একই সঙ্গে নবদ্বীপের বিভিন্ন শাখা সংগঠনে, বিদ্যালয় বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনটি উদযাপন করা হয়। বাবলারি গ্রাম পঞ্চায়েতের পাশে স্বামী বিবেকানন্দের প্রতিকৃতিতে মাল্য দানের মধ্য দিয়ে পালন করা হয়। অনুষ্ঠানে পঞ্চায়েত প্রধান নারায়ণ কর্মকার, পঞ্চায়েত সমিতির সভা মঞ্জুরানী ঘোষ, পঞ্চায়েতের সমস্ত সদস্য সদস্যরা, পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষরা এবং এলাকার বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

টেকনো ইন্ডিয়া গ্রুপ পাবলিক স্কুল স্বামী বিবেকানন্দের ১৬২ তম জন্মজয়ন্তী অনুষ্ঠানটিকে সাফল্যমন্ডিত করে তোলার জন্য বিদ্যালয় কর্তৃপক্ষের তৎপরতা ছিল চোখে পড়বার মতন। সকাল থেকেই বিদ্যালয়ে শিক্ষার্থীরা স্বামীজির ধ্যানমন্ত্রকে আদর্শ মেনে যোগাসন প্রদর্শন করে। সঙ্গে ছিল অঙ্কন শৈলীর নানা ঘরানা। বিদ্যালয়ের পক্ষ থেকে নবদ্বীপ রামকৃষ্ণ মিশনের পরম পূজনীয় স্বামী অমরেশ্বরানন্দজী মহারাজকে আমন্ত্রণ জানানো হয়েছিল। ২১ বছর উনি বেলুড় মঠের প্রধান পূজারী ছিলেন। টেকনো ইন্ডিয়া গ্রুপ পাবলিক স্কুল, নবদ্বীপ-এর সম্মানীয় অধ্যক্ষ মহাশয় ও মহারাজজী প্রদীপ প্রজ্জ্বলন ও স্বামীজির চরণে পুষ্পার্ঘ্য অর্পণ করে তাঁদের মূল্যবান বক্তব্যের মধ্য দিয়ে অনুষ্ঠানের শুভ সূচনা হয়। সমাজসেবী রাজদীপ চ্যাটার্জী জানান আজকের দিনের আরও একটি সংযোজন বিদ্যালয়ের শিক্ষার্থীদের স্বামীজি কেন্দ্রিক সঙ্গীত ও আবৃত্তি পরিবেশন করা হয়।এই দিনটির অনন্য উপলব্ধি বিবেক চেতনাকে জাগ্রত করে স্বামীজির দেখানো এক আদর্শের পথে আগামী দিনে সকল কে অগ্রগামী করে তুলবে। স্বামীজির জন্মজয়ন্তীতে বিদ্যালয়ের সম্মানীয় অধ্যক্ষ ধ্রুবজ্যোতি অধিকারী মহাশয় বিদ্যালয়ের শিক্ষার্থী-শিক্ষক-শিক্ষিকা সহ রামকৃষ্ণ মিশনকে এবং সমগ্র নবদ্বীপবাসীকে বিশেষভাবে অভিনন্দন জানিয়েছে। অধ্যক্ষ মহাশয় জানান সম্প্রীতি বিদ্যালয়ে নবদ্বীপ শাখার পক্ষ থেকে ইন্টার স্কুল কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়ে গেল। আগামী দিনে পঠন পাঠনের সহিত ছাত্র-ছাত্রীদের মান উন্নয়নের জন্য এই ধরনের অনুষ্ঠান করা হবে।

নবদ্বীপ কুঠির পাড়া মুক্তি সূর্য ক্লাব ১৯৮৪ সালের ১২ই জানুয়ারি প্রতিষ্ঠিত হয়েছিল। জাতীয় ও ক্লাবের পতাকা উত্তলনের মাধ্যমে ৪০ বছর পদার্পণ করায় বিভিন্ন সামাজিক কার্যকলাপের মাধ্যমে ক্লাব আজ এলাকার যুব সমাজের পথ প্রদর্শক হয়ে উঠেছে।

নবদ্বীপ প্রতাপনগর তরুণ সংঘ ক্লাবের ব্যবস্থাপনায় ১২ থেকে ২০ জানুয়ারি পর্যন্ত যুব উৎসব উদযাপন করা হচ্ছে ক্লাব প্রাঙ্গনে। সকালে পতাকা উত্তোলন, বর্ণাঢ্য শোভাযাত্রা, স্বেচ্ছায় রক্তদান শিবির, বিভিন্ন খেলাধুলা সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে এই কয়দিন ব্যাপী ক্লাব কর্তৃপক্ষ জানিয়েছে।

নবদ্বীপ শহর তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে সকালে বিভিন্ন ট্যাবল, বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়। রাজাবাজার পার্কে স্বামীজীর প্রতিকৃতিতে, বিবেকানন্দ স্টেডিয়ামে বিবেকানন্দের প্রতিকৃতিতে মাল্যদান, পুষ্পার্ঘ দিয়ে শ্রদ্ধা জানানো হয়।

বিবেক চেতনা উৎসব উপলক্ষে বিবেকানন্দ স্টেডিয়ামে পৌরসভার পক্ষ থেকে এক প্রীতি ফুটবল ম্যাচের আয়োজন করা হয়। নবদ্বীপ ফুটবল কোচিং সেন্টার এবং নবদ্বীপ অ্যাথলেটিক ফুটবল কোচিং সেন্টার এই প্রীতি ম্যাচে অংশগ্রহণ করে। খেলোয়াড়দের সঙ্গে বিধায়ক পৌরপতি এবং সমস্ত কাউন্সিলর সহ ক্রীড়া প্রেমী দর্শকবৃন্দরা এই প্রীতি ম্যাচ দেখার জন্য উপস্থিত ছিল। রীতিময় রায়ের গোলের সুবাদে নবদ্বীপ অ্যাথলেটিক ফুটবল কোচিং সেন্টারকে হারিয়ে নবদ্বীপ ফুটবল কোচিং সেন্টার জয় লাভ করে।

ভারতীয় জনতা পার্টির নবদ্বীপ শহরের বিভিন্ন ওয়ার্ডের পার্টি অফিসে মর্যাদার সহিত এই দিনটি পালন করেছে বিভিন্ন সামাজিক অনুষ্ঠানের মাধ্যমে।




## স্বামী বিবেকানন্দর জন্ম দিবস পাল



**আমিরুল ইসলাম, হরিশ্চন্দ্রপুর, মালদা : নিউজ সারাদিন :** রতুয়া ২ ব্লকের আড়াই ডাঙ্গা বিবেকানন্দ ইউথ ক্লাবের পরিচালনায় আজ স্বামী বিবেকানন্দর জন্ম দিবস পালন করা হয়। আজ সকালে পাঁচ কিলোমিটার মরাথন দৌড় প্রতিযোগিতা হয় তারপর ফ্ল্যাগ হোস্টিং এরপর শুরু হয় বসে আঁকো প্রতিযোগিতা। এবং রাতে ব্যাডমিন্টন প্রতিযোগিতা করা হয়েছে। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পুখুরিয়া থানার ওসি গৌতম চৌধুরী রতুয়া টু ব্লক ভিডিও শেখর শেফা জেলা পরিষদ মেম্বার অর্পিতা উপাধ্যায় কুমার টিএমসি এবং বিবেকানন্দ ইউথ ক্লাবের সকল মেম্বারেরা।

## ভুল ট্রেনে উঠে চলন্ত ট্রেন থেকে নামতে গিয়ে

# দুর্ঘটনায় মৃত্যু যুবকের,শোকের ছায়া পরিবারে



**আমিরুল ইসলাম, হরিশচন্দ্রপুর, মালদা : নিউজ সারাদিন :** ভুল ট্রেনে উঠে চলন্ত অবস্থায় নামতে গিয়ে ট্রেন দুর্ঘটনায় মৃত্যু হল এক যুবকের।ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার সন্ধ্যায় মালদহের কুমেদপুর রেলওয়ে স্টেশনে।মৃত ওই যুবকের নাম মৌলনা সামসাদ আলি(২২)। বাড়ি হরিশ্চন্দ্রপুর থানার মহেন্দ্রপুর গ্রাম পঞ্চায়েতের বাগমারা গ্রামে।স্থানীয় সূত্রে জানা গিয়েছে,জয়পুর কাজে যাওয়ার উদ্দেশ্যে বেরিয়ে ছিলেন যুবক।এদিন ওই যুবকের বাবা মৌলনা জাবেদ কাসমী হরিশ্চন্দ্রপুর রেলওয়ে স্টেশনে তাকে রাখতে যান।স্টেশনে ট্রেন আসতে দেরি হওয়ায় সে বাড়ি চলে আসেন।ছেলে ভুল করে বালুরঘাট এক্সপ্রেস ট্রেনে উঠে পড়েন।

কুমেদপুর রেলওয়ে স্টেশনে বুঝতে পারেন সে ভুল ট্রেনে উঠে পড়েছে। ইতিমধ্যে অনেকটা দেরি হয়ে গেছে।

চলন্ত ট্রেন থেকে নামতে গিয়ে ঘটে বিপত্তি। ওই ট্রেনের চাকায় ঢুকে শরীর থেকে মাথা আলাদা হয়ে যায়।এই নিয়ে এদিন কুমেদপুর রেলওয়ে স্টেশনে চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। রেলওয়ে পুলিশ রাতেই দেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মালদা মেডিক্যাল কলেজ ও হাসপাতালে পাঠানোর ব্যবস্থা করেন।সামসাদ আলম এর বাবা মৌলনা জাবেদ কাসমী জানান,তাঁর দুই ছেলে ও এক মেয়ে।সামসাদ ছিল বড় ছেলে।রেল সূত্রে জানতে পারেন চলন্ত ট্রেন থেকে নামতে গিয়ে দুর্ঘটনায় তার ছেলের মৃত্যু হয়েছে।

## স্বামী বিবেকানন্দের জন্ম দিবসে "কাঁটামারী চূড়ামনি

# উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ৬২ তম প্রতিষ্ঠা দিবস পালিত হয়



**সমতুল নস্কর: কুলতলী সুন্দর বন : নিউজ সারাদিন :** আজ১২ই জানুয়ারি শুক্রবার স্বামী বিবেকানন্দের জন্ম দিবসে দক্ষিণ ২৪ পরগনার সুন্দরবন এলাকায় কুলতলী ব্লকের দেউলবাড়ী দেবীপুর গ্রাম পঞ্চায়েতের মধ্যে কাঁটামারী চূড়ামনি হাইস্কুল (উঃমাঃ) প্রতিষ্ঠা দিবস পালিত হয়। সকালে দশটায় স্বামী বিবেকানন্দ সহ মনীষিদের ছবি নিয়ে ,ছাত্র-ছাত্রীদের বর্ণাঢ্য প্রভাত ফেরী করা হয়। সকাল ১১ টায় উদ্ধোধনী অনুষ্ঠান,গুনীজন সন্মাননা,দেবী সরস্বতী,স্বামী বিবেকানন্দের প্রতিকৃতিতে মাল্যদান করেন নীমপীঠ রামকৃষ্ণ আশ্রমের সম্পাদক স্বামী সদানন্দ মহারাজ । ও উপস্থিত থেকে পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ও কাজী নজরুল ইসলাম এর মুর্তি উন্মোচন করেন, উচ্চশিক্ষার যুগ্ম কনভেনার দেবজিৎ সরকারএবং প্রাক্তন অবসর শিক্ষক সমর কুমার খাঁ স্কুল পরিচালন কমিটির সভাপতি আঃ রাজ্জাক হালদার ,প্রধান শিক্ষক শ্রী দীপঙ্কর মন্ডল ,কাঁটামারী চূড়ামনি হাইস্কুল{উঃমাঃ}এর সম্পাদক ও বিভিন্ন স্কুলের শিক্ষক বৃন্দ।
ও সারাদিন বিভিন্ন সাংস্কৃতি অনুষ্ঠান হয়। পরের দিন
১৩ই জানুয়ারি শনিবার স্বেচ্ছায় রক্তদান শিবিরের আয়োজন করেছেন উক্ত স্কুল কতৃপক্ষ ,তারপরেই পুরস্কার বিতরণী এবং সাংস্কৃতিক অনুষ্ঠান স্কুলের ছাত্র-ছাত্রী শিক্ষকদের নাটকের মধ্যে শেষ করা হবে কাঁটামারী চূড়ামনি উচ্চবিদ্যালয়ের ৬২ তম প্রতিষ্ঠা দিবসের অনুষ্ঠান। সমস্ত অনুষ্ঠান পরিচালনা করেন স্কুলের সাংস্কৃতি সম্পাদক শিক্ষক বনমালী মন্ডল সর্বাধিনায়ক ছিলেন প্রধান শিক্ষক দীপঙ্কর মন্ডল মহাশয়।এই অনুষ্ঠান হওয়াতে স্কুলের ছাত্র-ছাত্রী অভিভাবকবৃন্দ খুবই খুশি এবং আনন্দিত।

## TENDER

### TENDER NOTICE

E Tender is invited though online Bid System vide **NIeT No. 11/Rampara-I GP/2023-2024, 12/Rampara-I GP/2023-2024, 13/Rampara-I GP/2023-2024 & 14/Rampara-I GP/2023-2024** With Vide **Memo No. - 09/Ram-I/15th CFC (Tied)/2023-24, 10/Ram-I/15th CFC (Untied)/2023-24, 11/Ram-I/5th SFC (Tied)/2023-24, 12/Ram-I/5th SFC (Untied)/2023-24 Dated:- 10-01-2024** by **The Prodhan Rampara-I Gram Panchayat.** Last date of Application **27/01/2024 up to 2.00 PM Hours.** Interested contractors please visit **htpp://wbtenders.gov.in**

**Sd/-, Prodhan**
**Rampara-I Gram Panchayet**
**Rampara, Murshidabad**

১-ম পাতার পর

# দমদম থানার আই সি-কে সুবোধের বাড়িতে ঢুকতেই দিল না ইডি

ছিল চাকরিপ্রার্থীদের নামের একটি তালিকা। সেই তালিকা থেকেই সুজিত বসু, তাপস রায়, সুবোধ চক্রবর্তীদের নাম উঠে আসে বলে জানা গিয়েছে।

সূত্রের খবর, আইসি সাহেব নেতার বাড়ির ভেতর ঢুকতে গেলে তাকে বাধা দেয় ইডি। প্রথমে নিজের পরিচয় দিয়ে এগিয়ে গেলেও খবর পেয়েই বাড়ির ভিতর থেকে বেরিয়ে আসেন এক ইডি অফিসার। তাকে নিজের পরিচয় দিলেও ইডি সাফ জানিয়ে দেয় ভেতরে প্রবেশের অনুমতি নেই। আইসি হলেও তাকে ঢুকতে দেওয়া যাবে না।

জানা গিয়েছে ইডি অনুমতি না দেওয়ায় তখনই সেখান থেকে চলে যান আইসি। এই বিষয়ে তাকে প্রশ্ন করা হলে বঙ্কিমবাবু বলেন, "এটা আমার এরিয়া।আমার জানার অধিকার রয়েছে ভিতরে কী হচ্ছে না হচ্ছে। আমার এরিয়া বলেই আমি এখানে এসেছিলাম।

১-ম পাতার পর

# সুজিত ঠিকই বলেছিলেন, সিবিআই তাঁকে চিঠি দেয়নি কখনও, তবু দেওয়ালে লেখা ছিল

বাসিন্দারা জানতেন নিতাই দত্ত মানেই সুজিত বা সুজিতের ছায়া। সুজিত পুরসভার দায়িত্ব ছাড়ার পর দক্ষিণ দমদম পুরসভার ভাইস চেয়ারম্যান হন নিতাই দত্ত। সেই সময়েও এই ধারণা তৈরি হয় যে, নিতাই ভরতের মতোই সুজিতের পাদুকা রেখে পুর প্রশাসন চালাচ্ছেন। পুর নিয়োগ দুর্নীতির কাণ্ডের তদন্ত সূত্রে, এই নিতাই দত্তর বাড়িতে অগস্টের গোড়ায় তল্লাশি চালান এনফোর্সমেন্ট ডিরেক্টরেট তথা ইডির গোয়েন্দারা। সকাল ৬টায় পৌঁছে ১২ ঘণ্টা ধরে নিতাইয়ের জেরা চলে।পুর নিয়োগ দুর্নীতির কাণ্ডের তদন্ত সূত্রে, এই নিতাই দত্তর বাড়িতে অগস্টের গোড়ায় তল্লাশি চালান এনফোর্সমেন্ট ডিরেক্টরেট তথা ইডির গোয়েন্দারা। সকাল ৬টায় পৌঁছে ১২ ঘণ্টা ধরে নিতাইয়ের জেরা চলে।

পরবর্তী কালে ২৭ অক্টোবর রেশন দুর্নীতি কাণ্ডে গ্রেফতার করা হয় বনমন্ত্রী তথা হাবড়ার বিধায়ক জ্যোতিপ্রিয় মল্লিককে। বালু গ্রেফতার হতেই লেকটাউন চত্বরে এক সভায় সুজিত বলেন, 'নিতাই আমার আপ্ত সহায়ক। ও প্রথমে কাউন্সিলর হয়েছে। তার পর এখন ভাইস চেয়ারম্যান। ওঁর বাড়িতে গিয়ে ১২ ঘণ্টা ধরে তল্লাশি করেছে, কিছু পায়নি। তার পর আমার নাম বলানোর জন্য চাপ দিয়েছে।'

১-ম পাতার পর

# ১০ ঘন্টা পর সুবোধ চক্রবর্তীর বাড়ি থেকে বেরিয়ে গেল ইডি

চক্রবর্তীর বাড়িতে আসেন। প্রায় দু'ঘণ্টার বেশি সময় ধরে অভিযান চলছে। দমদম থানার আইসি বঙ্কিম বিশ্বাস তিনিও আসেন। এ সময় ভিতরে ঢুকতে চাইলেও তাকে ভিতরে ঢুকতে দেওয়া হয়নি। এদের অধিকার আধিকারিকরা জানিয়ে দেন তার ভিতরে ঢুকার কোন অনুমতি নেই। এই পরিপ্রেক্ষিতে দমদম থানার আইসি জানান "এটা আমার এরিয়া। আর সেই কারণেই আমি এখানে এসেছি। আমার জানার অধিকার রয়েছে ভিতরে কি হচ্ছে। যদিও তিনি এরপরই এলাকা ছাড়েন। এদিন সুবোধ দ্ধের পাশাপাশি লেকটাউন -এর শ্রীভূমিতে মন্ত্রী সুজিত বোসের বাড়িতে তল্লাশিতে যায় ইডি।

# স্বামী বিবেকানন্দের জন্মজয়ন্তীতে প্রধানমন্ত্রীর শ্রদ্ধাজ্ঞাপন

**নয়াদিল্লি, ১২ জানুয়ারি, ২০২৪ : নিউজ সারাদিন :** স্বামী বিবেকানন্দের জন্মজয়ন্তী এবং জাতীয় যুব দিবস উপলক্ষে তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়েছেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী। স্বামী বিবেকানন্দের সম্পর্কে তাঁর ভাবনাচিন্তা নিয়ে একটি ভিডিও-ও প্রকাশ করেছেন তিনি। এক্স হ্যান্ডলে প্রধানমন্ত্রী লিখেছেন;

"ভারতীয় আধ্যাত্মিকতা ও সংস্কৃতিকে বিশ্বের দরবারে প্রতিষ্ঠিত করেছেন যিনি, সেই স্বামী বিবেকানন্দকে তাঁর জন্মজয়ন্তী এবং জাতীয় যুব দিবস উপলক্ষে শত শত প্রণাম। শক্তি এবং তারুণ্যে পরিপূর্ণ তাঁর চিন্তাভাবনা ও বার্তা, যুগ যুগান্তর ধরে যুবসমাজকে কিছু করে দেখানোর প্রেরণা যুগিয়ে চলেছে।"




# ইডি অফিসারদের ওপর হামলাকারী দুই জনতাকে গ্রেফতার করেছে পুলিশ



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** রেশন দুর্নীতি মামলায় সন্দেশখালির ঘটনার পর কেটে গিয়েছে একটা গোটা সপ্তাহ। এতদিনে ইডি অফিসারদের ওপর হামলাকারী দুই জনতাকে গ্রেফতার করেছে পুলিশ। তবে এখনও মূল অভিযুক্ত শেখ শাহজাহানের টিকির নাগাল পাওয়া যায়নি। গত সপ্তাহে সন্দেশখালির 'বাদশা' তৃণমূল নেতা শাহজাহানের বাড়িতে তল্লাশিতে গিয়ে তার অনুগামীদের হাতে বাজে ভাবে আক্রান্ত হয় ইডি।হাজার হাজার তৃণমূল কর্মী-সমর্থক শাহজাহানের বাড়ির সামনে জড়ো হন। ইডি হানার বিরুদ্ধে শুরু হয় বিক্ষোভ। এখানেই শেষ নয়, ইডির আধিকারিকদের মারধরও করেন তৃণমূল নেতার অনুগামীরা। মেরে মাথা ফাটিয়ে দেওয়া হয় ইডি আধিকারিকদের। ভাঙচুর চলে ইডির গাড়ি।এরপর একদম ধাওয়া করে ইডি আধিকারিকদের এলাকা ছাড়া করেন কয়েক হাজার বিক্ষোভকারী। সাথে কেন্দ্রীয় বাহিনীর জওয়ানদের ওপরও হামলা চালানো হয় বলে অভিযোগ। তৃণমূলের কর্মীদের হাতে আক্রান্ত হন সাংবাদিকরাও। মারধরের পাশাপাশি বিশৃঙ্খল পরিস্থিতির ইডি আধিকারিকদের ল্যাপটপ, মোবাইল, নথিপত্র, পার্স লুঠ হওয়ার অভিযোগও সামনে এসেছিল। এবার সেই গোটা ঘটনা হাইকোর্টে জানাল ইডি।

এদিন কলকাতা হাইকোর্টে ইডি আধিকারিকরা জানান, ঘটনার দিন 'ঠান্ডা মাথায় ভেবে চিন্তে' প্ল্যান করেই আধিকারিকদের কাছ থেকে তথ্য ছিনিয়ে নেয় বিক্ষুব্ধরা। গোটা ঘটনার কথা হাইকোর্টে খুলে জানিয়েছে ইডি। তদন্তকারী সংস্থা এও জানিয়েছে হামলার দিন ছিনতাই হয়ে যাওয়া জিনিসের মধ্যেই ছিল রেশন দুর্নীতির 'সেনসেটিভ কনফিডেন্সিয়াল' নথি।

ইডির দাবি, তদন্তকারী অফিসার রাজকুমার রামের থেকে ল্যাপটপ মোবাইল ফোন ব্যাগ ছিনিয়ে নেয় হামলাকারীরা। শেখ শাহজাহানের বিরুদ্ধে একাধিক তথ্যপ্রমাণ ওই ছিনতাই হয়ে যাওয়া ব্যাগের মধ্যে ছিল। এদিন লিখিতভাবে অভিযোগ দায়ের করে ইডি জানিয়েছে, তদন্তকারী সংস্থার অনুমান, এই বিষয়ে স্থানীয় প্রশাসনকে অবগত করা সত্ত্বেও তারা ছিনতাই সামগ্রী উদ্ধারের জন্য কোনও পদক্ষেপ করেনি।

আদালতে বিস্ফোরক অভিযোগ তুলে ইডির দাবি, তদন্তকে বাধা দেওয়ার জন্যই পরিকল্পনা মাফিক এসব কাণ্ড ঘটিয়েছিলেন হামলাকারীরা। প্রসঙ্গত, হামলার পরই বিবৃতি দিয়ে ইডি আরও জানিয়েছিল যে, হামলার পর তাদের টাকার ব্যাগ, নগদ টাকা, মোবাইল, ল্যাপটপ - ব্যক্তিগত জিনিসপত্রও ছিনতাই করেন গ্রামবাসীরা। গোটা এই এই হামলার পেছনে তৃণমূল নেতা শাহজাহান এবং তার ঘনিষ্ঠরাদের হাত রয়েছে বলে আগেই সন্দেহ প্রকাশ করেছিল ইডি।

কি ঘটেছিল? গত শুক্রবার সাতসকালে ইডির অভিযান ঘিরে একেবারে ধুন্ধুমার বেঁধে যায় উত্তর ২৪ পরগনার সন্দেশখালিতে। এদিন উত্তর ২৪ পরগনায় দুই তৃণমূল নেতার বাড়িতে হানা দিয়েছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। আর সেই খবর ছড়িয়ে পড়তেই ইডি আধিকারিকদের ওপর হঠাত চড়াও তৃণমূল নেতার অনুগামীরা। কেন না জানিয়ে হানা দিয়েছে ইডি? এই প্রশ্ন তুলেই ক্ষোভে ফেটে পড়েন বিক্ষোভকারীরা। ক্রমশ্য উত্তপ্ত হতে থাকে পরিস্থিতি। একসময় সবকিছু এতটাই হাতের বাইরে চলে যায় যে এলাকা ছাড়া হতে বাধ্য হন ইডি আধিকারিকরা। ইডিকেই এলাকা ছাড়া করে তৃণমূল নেতার অনুগামীরা।

রেশন দুর্নীতির তদন্তে সন্দেশখালির তৃণমূল নেতা শাহজাহান শেখের সরবেড়িয়ার বাড়িতে হানা দেন ইডির আধিকারিকরা। তবে তৃণমূল নেতার বাড়িতে গিয়ে বারংবার ডাকাডাকি সত্ত্বে সাড়া মেলেনি কারও। এরপর ১ ঘন্টা অপেক্ষার পর কেন্দ্রীয় বাহিনী তল্লাশির জন্য বাড়ির তালা ভাঙার কাজ শুরু করে। আর তাতেই তাদের ওপর চড়াও হয় উত্তপ্ত জনতা। উত্তর ২৪ পরগনা জেলা পরিষদের মতস্য ও প্রাণী সম্পদ কর্মাধ্যক্ষের শেখ শাহজাহানের অনুগামীরা ভীড় করে ফেলে গোটা এলাকায়।

হাজার হাজার তৃণমূল কর্মী-সমর্থক শাহজাহানের বাড়ির সামনে জড়ো হন। ইডি হানার বিরুদ্ধে শুরু হয় বিক্ষোভ। এখানেই শেষ নয়, ইডির আধিকারিকদের মারধরও করেন তৃণমূল নেতার অনুগামীরা। মেরে মাথা ফাটিয়ে দেওয়া হয় ইডি আধিকারিকদের। ভাঙচুর চলে ইডির গাড়ি। এরপর একদম ধাওয়া করে ইডি আধিকারিকদের এলাকা ছাড়া করেন কয়েক হাজার বিক্ষোভকারী। সাথে কেন্দ্রীয় বাহিনীর জওয়ানদের ওপরও হামলা চালানো হয় বলে অভিযোগ। তৃণমূলের কর্মীদের হাতে আক্রান্ত হন সাংবাদিকরাও।

অভিযোগ ওঠে ওই পরিস্থিতির মধ্যেই ইডি আধিকারিকদের কাছ থেকে ল্যাপটপ ছিনিয়ে নিয়েছিল তৃণমূল নেতার অনুগামীরা। গোটা ঘটনায় কেন্দ্রের তরফে সচিবস্তরে নবান্নের ওপর চাপ আসে। ইডি সদর দফতরে ওদিকে সিআরপিএফ রিপোর্ট কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্র রিপোরি দেয়। এরই মধ্যে কলকাতার সিজিও কমপ্লেক্সে এসে বৈঠক করেন ইডি ডিরেক্টর রাহুল নবীন। আদালতেও চলছে মামলা।

# মহারাষ্ট্রের নাসিকে ২৭ তম জাতীয় যুব উৎসবের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

**নয়াদিল্লি, ১২ জানুয়ারি, ২০২৪ : নিউজ সারাদিন :** মহারাষ্ট্রের নাসিকে আজ ২৭ তম জাতীয় যুব উৎসবের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী। স্বামী বিবেকানন্দ এবং রাজমাতা জিজাউ-এর ছবিতে পুস্পার্ঘ অর্পণ করেন তিনি। ওই রাজ্যের পক্ষ থেকে আয়োজিত কুচকাওয়াজ প্রত্যক্ষ করেন তিনি। পরিবেশিত হয় 'বিকশিত ভারত @২০৪৭- যুবাদের জন্য, যুবাদের দ্বারা' শীর্ষক সাংস্কৃতিক অনুষ্ঠান। সেখানে প্রদর্শিত হয় রিদমিক জিমন্যাস্টিক্স, মাল্লাখাম, যোগাসন এবং জাতীয় যুব উৎসব সঙ্গীত। ভাষণে প্রধানমন্ত্রী বলেন, আজকের দিনটি ভারতের যুব শক্তি এবং স্বামী বিবেকানন্দেরর বিশাল ব্যক্তিত্বের প্রতি উৎসর্গীকৃত- যিনি পরাধীনতা ও দাসত্বের সময়ে দেশে নতুন শক্তি ও আশার সঞ্চার করেছিলেন। স্বামীজির জন্মবার্ষিকীতে আয়োজিত জাতীয় যুব দিবস উপলক্ষে তিনি দেশের তরুণ প্রজন্মকে শুভেচ্ছা জানান। ভারতীয় নারীশক্তির অন্যতম মূর্ত রূপ রাজমাতা জিজাবাঈ-এর জন্মবার্ষিকী উপলক্ষে তাঁর প্রতিও শ্রদ্ধা জানান তিনি।

প্রধানমন্ত্রী বলেন, মহারাষ্ট্রের মাটির মধ্যে লুকিয়ে রয়েছে সাহসিকতার বীজ- যার সুবাদে এসেছেন রাজমাতা জিজাবাঈ, ছত্রপতি শিবাজী, দেবী অহল্যাবাঈ হোলকার, রমাবাঈ আম্বেদকর, লোকমান্য তিলক, বীর সাভারকর, অনন্ত কানহেরে, দাদাসাহেব পোটনিস, চাপেকর বনধু প্রমুখ। নাসিকে পঞ্চবটিতে ভগবান শ্রীরাম দীর্ঘ সময় অতিবাহিত করেছেন বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন। ২২ শে জানুয়ারী অযোধ্যায় শ্রীরাম মন্দিরের আসন্ন উদ্বোধন উপলক্ষে দেশের প্রতিটি মন্দিরে পরিচ্ছন্নতার অভিযানের ডাক দেন তিনি। যুব শক্তির প্রসঙ্গে আলোচনায় প্রধানমন্ত্রী শ্রী অরবিন্দ এবং স্বামী বিবেকানন্দের বাণী থেকে উদ্ধৃতি দেন। ভারত বিশ্বের প্রথম ৫ টি অর্থনীতির মধ্যে জায়গা করে নেওয়ার ক্ষেত্রে তরুণ প্রজন্মের অবদানের উল্লেখ করেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, বিশ্বের অন্যতম প্রাণবন্ত স্টার্টআপ বাস্তুতন্ত্র রয়েছে এদেশে। নজিরবিহীন সংখ্যক মেধাস্বত্ত্বের অধিকারী এই দেশ হয়ে উঠেছে বিশ্বের অন্যতম উৎপাদন কেন্দ্র। 'অমৃতকাল'-এর এই অধ্যায় দেশে যুবাদের কাছে বিশেষ তাৎপর্যপূর্ণ এক অধ্যায় বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেন। এম বিশ্বেশ্বরাইয়া, মেজর ধ্যানচাঁদ, ভগৎ সিং, চন্দ্রশেখর আজাদ, বটুকেশ্বর দত্ত, মহাত্মা ফুলে, সাবিত্রী বাঈ ফুলে-র মতো ব্যক্তিত্বকে সামনে রেখে অমৃতকালে যুবসমাজ এগিয়ে চলুক, এমনটাই চান তিনি। দেশকে নতুন উচ্চতায় নিয়ে যাওয়ায় যুব সমাজ অবশ্যই সফল হবে বলে প্রধানমন্ত্রী প্রত্যয়ী। 'আমার যুব ভারত পোর্টাল'-এ মাত্র ৭৫ দিনে ১.১০ কোটি যুবক-যুবতীর নাম লেখানো তাঁদের উদ্যমী মনোভাবকেই তুলে ধরে বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেন। বিগত ১০ বছরে তাঁর সরকার তরুণ প্রজন্মের সামনে অপার সম্ভাবনার দরজা খুলে দিয়েছে বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, শিক্ষা, কর্মসংস্থান, ঔদ্যোগিকতা, স্টার্টআপ, দক্ষতা বিকাশ, ক্রীড়াসহ উদীয়মান নানা ক্ষেত্রে তৈরি হয়ে উঠেছে প্রাণবন্ত পরিকাঠামো। এপ্রসঙ্গে তিনি নতুন শিক্ষানীতি এবং পিএম বিশ্বকর্মা যোজনার কথা তুলে ধরেন। প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনার আওতায় কোটি কোটি তরুণ-তরুণীর কর্মদক্ষতার প্রসার, নতুন নতুন আইআইটি এবং এনআইটি গড়ে ওঠার প্রসঙ্গও উঠে আসে। প্রধানমন্ত্রী বলেন, আজ বিশ্বের চোখে ভারত হয়ে উঠেছে দক্ষতায় ভরপুর নতুন এক শক্তি। ফ্রান্স, জার্মানি, ব্রিটেন, অস্ট্রেলিয়া, ইটালি, অস্ট্রিয়ার মতো দেশের সঙ্গে ভারতের শ্রমের আদানপ্রদান সংক্রান্ত একাধিক চুক্তি দেশের যুবসমাজের কাছে আশীর্বাদ হয়ে উঠেছে বলে তাঁর মন্তব্য।

প্রধানমন্ত্রী বলেন, তরুণ প্রজন্মের সামনে সম্ভাবনার নতুন নতুন দিগন্ত খুলে দিতে অবিরত কাজ করে চলেছে সরকার। ড্রোন, অ্যানিমেশন, গ্যামিং, ভিস্যুয়াল এফেক্টস থেকে শুরু করে পরমাণু, মহাকাশসহ বিভিন্ন ক্ষেত্রে উদ্ভাবনা এবং কাজের নতুন পরিবেশ তৈরি হয়েছে বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেন। তিনি বলেন, সড়ক নির্মাণ, নতুন ট্রেন, বিশ্বমানের বিমানবন্দর, ডিজিটাল নানা পরিষেবার সুবাদে কর্মক্ষেত্রে যুবক-যুবতীরা নতুন আশার আলো দেখছেন।

প্রধানমন্ত্রী বলেন, আজ দেশের ভাবধারা এবং কর্মকাণ্ড যৌবনপ্রাচুর্যে ভরপুর। তরুণ প্রজন্ম আজ নেতৃস্থানীয় ভূমিকায়। তারই সুবাদে চন্দ্রযান-৩ এবং আদিত্য এল ওয়ান অভিযান সফল হয়েছে। 'মেক ইন ইন্ডিয়া' কর্মসূচি দেশকে উপহার দিয়েছে আইএনএস বিক্রান্ত-এর মতো রণতরী, তেজস যুদ্ধবিমান। ছোটখাটো দোকান থেকে ঝাঁ চকচকে শপিং মল সবখানেই চলছে ইউপিআই-এর মাধ্যমে লেনদেন। গর্বের এই অমৃতকালে দেশকে বিকশিত ভারতের লক্ষ্যপূরণে গিয়ে নিয়ে যাওয়ার দায়িত্ব বর্তায় যুবসমাজেরই ওপরে। সামনে থাকা চ্যালেঞ্জই শুধু পেরিয়ে যাওয়া নয়, নতুন চ্যালেঞ্জ সামনে এনে তা অতিক্রম করার স্পর্ধার শক্তিকে কাজে লাগিয়ে অর্থনৈতিক কর্মকাণ্ডের বহরকে ৫ ট্রিলিয়ন ডলারে নিয়ে গিয়ে ভারতকে বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতির দেশ তথা অন্যতম উৎপাদন কেন্দ্র করে তোলার লক্ষ্যে এগিয়ে যেতে হবে প্রধানমন্ত্রী মনে করিয়ে দেন। জলবায়ু পরিবর্তনের মোকাবিলা এবং প্রাকৃতিক কৃষির স্বপ্নের বাস্তবায়নে অগ্রাধিকার দেন তিনি।

যুবসমাজের প্রতি তাঁর অগাধ আস্থার কথা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, আজকের নবীন প্রজন্ম দাসত্বের মনোভাব থেকে মুক্ত এবং দেশের সেবায় নিবেদিত প্রাণ। উন্নয়নের সঙ্গে জোর দিতে হবে ঐতিহ্য রক্ষায়। ভারতের যোগ এবং আয়ুর্বেদের ব্র্যান্ড অ্যাম্বাসাডর হয়ে উঠতে হবে তরুণ-তরুণীদের। প্রধানমন্ত্রী বলেন, দাসত্বের মনোভাবের কারণেই মিলেটজাত খাদ্যকে একসময়ে খাটো করে দেখা হত। সরকারের সনির্বন্ধ উদ্যোগের সুবাদে আজ হয়ে উঠেছে শ্রী অন্ন-সুপার ফুড। প্রধানমন্ত্রী বলেন, ভারত হল গণতন্ত্রের মাতা। এই প্রক্রিয়ায় যুবক-যুবতীরা যত বেশি সামিল হবেন ততই দেশের মঙ্গল। পরিবারতান্ত্রিক রাজনীতিকে উপড়ে ফেলতে যুব সমাজকে এগিয়ে আসতে হবে বলে মন্তব্য করে প্রধানমন্ত্রী বলেন প্রথমবারের ভোটাররা ভারতীয় গণতন্ত্রকে আরও শক্তিশালী করে তুলতে পারেন। অমৃতকালের ২৫ বছর যুব সমাজের কাছে দায়িত্ব পালনের সময়- একথা মনে করিয়ে প্রধানমন্ত্রী বলেন, তরুণ প্রজন্ম কর্মদ্যোগী হলে এগিয়ে চলবে সমাজ ও দেশ। স্থানীয় ও দেশজ পণ্যের প্রসার, মাদকের বিরুদ্ধে প্রতিরোধ, মহিলাদের পক্ষে অবমাননাকর উক্তির প্রতিবাদে যুব সমাজকে সক্রিয় থাকতে হবে বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেন।

দেশের যুবারা সর্বশক্তি দিয়ে নিজেদের দায়িত্ব পালন করবেন বলে প্রধানমন্ত্রী প্রত্যয়ী। ভাষণের শেষে তিনি বলেন, প্রাণচঞ্চল তরুণ প্রজন্ম যে আলোকবর্তিকার সন্ধান দেবেন তা হয়ে উঠবে অনির্বাণ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী শ্রী একনাথ শিন্ডে, উপমুখ্যমন্ত্রী শ্রী দেবেন্দ্র ফড়নবীশ ও শ্রী অজিত পাওয়ার, কেন্দ্রীয় ক্রীড়া ও যুব বিষয়ক মন্ত্রী শ্রী অনুরাগ সিং ঠাকুর, ওই দফতরের প্রতিমন্ত্রী শ্রী নিশীথ প্রামানিক প্রমুখ।

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৩ বর্ষ ০১৩ সংখ্যা ১৩ জানুয়ারী, ২০২৪ শনিবার ২৭ পৌষ, ১৪৩০

## সম্পাদকীয়

## ঈশ্বর আমাকে ভারতের সব মানুষের প্রতিনিধিত্ব করার ভার দিয়েছেন। এ এক গুরুদায়িত্ব”

আগামী ২২ জানুয়ারি, অযোধ্যা ধামের রাম মন্দিরে শ্রী রামলালার প্রাণ প্রতিষ্ঠা উপলক্ষে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ১১ দিনের বিশেষ আচার অনুষ্ঠান শুরু করেছেন। প্রধানমন্ত্রী বলেছেন, “এ এক গুরু দায়িত্ব। আমাদের শাস্ত্রে বলা হয়েছে, যজ্ঞ ও ঈশ্বর আরাধনার জন্য নিজেদের ভিতরের দৈব চেতনাকে জাগ্রত করতে হয়। এজন্য অনুষ্ঠানের আগে উপবাস ও কৃচ্ছসাধন প্রয়োজন। আধ্যাত্মিক যাত্রার কিছু ধর্মাত্মা ও মহাপুরুষের কাছ থেকে যে নির্দেশিকা আমি পেয়েছি, “যম - নিয়ম” পালনের যে পরামর্শ তাঁরা দিয়েছেন, তার ভিত্তিতে আজ থেকে আমি ১১ দিনের বিশেষ আচার অনুষ্ঠান শুরু করছি।” রামলালার প্রাণ প্রতিষ্ঠার আগে সমগ্র জাতি কিভাবে রাম ভক্তি সাগরে নিমজ্জিত হয়েছে, এক আবেগঘন বার্তায় প্রধানমন্ত্রী তার উল্লেখ করেছেন। এই মুহূর্তটিকে পরমেশ্বরের আশীর্বাদ আখ্যা দিয়ে প্রধানমন্ত্রী বলেছেন, “আমি আবেগে আপ্লুত! জীবনে এই প্রথমবার আমার এমন অনুভূতি হচ্ছে। আমার ভিতরে এক অন্যরকম ভক্তি রসের অস্তিত্ব অনুভব করছি। আমার অন্তর্সত্তার এই আবেগময় যাত্রা প্রকাশ করার নয়, কেবল অনুভবের। আমি চাইলেও এর গভীরতা, এর ব্যাপ্তি, এর তীব্রতা ভাষায় প্রকাশ করতে পারবো না। আপনারা নিশ্চয়ই আমার অবস্থাটা বুঝতে পারছেন।” এই সুযোগ পাওয়ার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করে প্রধানমন্ত্রী বলেছেন, “একের পর এক প্রজন্ম, বছরের পর বছর ধরে যে সংকল্প বুকের ভিতরে লালন করেছে, আজ সেই স্বপ্ন পূরণের সময়ে উপস্থিত থাকার সৌভাগ্য আমার হচ্ছে। ঈশ্বর আমাকে ভারতের সব মানুষের প্রতিনিধিত্ব করার ভার দিয়েছেন। এ এক গুরুদায়িত্ব।”

এই উদ্যোগের জন্য সাধারণ মানুষ, সাধু সন্ন্যাসী এবং ঈশ্বরের আশীর্বাদ প্রার্থনা করে প্রধানমন্ত্রী জানিয়েছেন, ভগবান রাম যেখানে দীর্ঘ সময় কাটিয়েছিলেন, সেই নাসিক ধামের পঞ্চবটি থেকে তিনি এই আচার অনুষ্ঠানের সূচনা করছেন। এই একই দিনে স্বামী বিবেকানন্দ ও মাতা জিজাবাঈ-এর জন্মজয়ন্তী হওয়ায় সন্তোষ প্রকাশ করে প্রধানমন্ত্রী জাতির চেতনার এই দুই আলোকদীপকে শ্রদ্ধা জানিয়েছেন। এই উপলক্ষে প্রধানমন্ত্রী তাঁর জন্মদায়িনী মাকেও স্মরণ করেছেন। তিনিও সর্বদাই সীতা-রামের প্রতি নিবেদিতপ্রাণ।

ভগবান রামের ভক্তদের আত্মত্যাগের প্রতি শ্রদ্ধা জানিয়ে প্রধানমন্ত্রী বলেছেন, “আমি শারীরিকভাবে ওই পবিত্র মুহূর্তের সাক্ষী থাকবো, কিন্তু আমার মনের মধ্যে, আমার প্রতিটি হৃদস্পন্দনের মধ্যে ১৪০ কোটি ভারতীয় আমার সঙ্গে থাকবেন। আপনিও আমার সঙ্গে থাকবেন....প্রতিটি রামভক্ত আমার সঙ্গে থাকবেন। ওই মুহূর্তটি আমাদের সবার জীবনে চিরস্মরণীয় হয়ে থাকবে। রাম মন্দিরের জন্য যাঁরা নিজেদের জীবন উৎসর্গ করেছেন, সেইসব অগণিত মানুষের অনুপ্রেরণা থাকবে আমার সঙ্গে।”

সমগ্র জাতিকে তাঁর সঙ্গে যুক্ত হওয়ার আহ্বান জানিয়ে, মানুষের আশীর্বাদ চেয়ে প্রধানমন্ত্রী সবাইকে নিজেদের মনোভাব তাঁর সঙ্গে ভাগ করে নিতে বলেছেন। তিনি বলেছেন, “ঈশ্বর যেওনিরাকার, আমরা সবাই সেই সত্য জানি। কিন্তু শারীরিক আকারেও ঈশ্বর আমাদের আধ্যাত্মিক যাত্রায় শক্তির সঞ্চার করেন। মানুষের মধ্যেই যে ঈশ্বর রয়েছেন, তা আমি ব্যক্তিগতভাবে দেখেছি, অনুভব করেছি। যেসব মানুষ আমার কাছে ঈশ্বরের সমান, তাঁরা যখন তাঁদের অনুভূতি প্রকাশ করে আশীর্বাদ দেন, তখন তা আমার ভিতরে নতুন শক্তির সঞ্চার করে। আজ আমি আপনাদের সবার আশীর্বাদ প্রার্থনা করছি।”

## সরস্বতী দেবী এক নামে দুটি অর্থ বহন করে চলেছে আজও



-: মৃত্যুঞ্জয় সরদার :-

মহাভারত রচনা হওয়ার আগেই রাজপুতানার মরুভূমিতে সরস্বতী নদী অদৃশ্য হয়ে গেলেও কয়েকটি স্রোতধারা অবশিষ্ট ছিল। এই স্রোতধারা হল চমসোদ্ভেদ, শিবোদ্ভেদ ও নাগোদ্ভেদ।

রাজস্থানের মরুভূমির বালির মধ্যে চলুর গ্রামের নিকটে সরস্বতী অদৃশ্য হয়ে ভবানীপুরে দৃশ্য হয়, আবার বলিচছপুর নামকস্থানে অদৃশ্য হয়ে বরখের নামক স্থানে দৃশ্য হয়। ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# মকরসংক্রান্তি'-র পৌরাণিক ব্যাখ্যাও যথেষ্ট চমকে দেওয়ার মত



মৃত্যুঞ্জয় সরদার



বাঙালির ১২মাসে ১৩ পার্বণ। পৌষ সংক্রান্তি বা মকর সংক্রান্তি বাঙালি সংস্কৃতিতে একটি বিশেষ উৎসবের দিন। বাংলা পৌষ মাসের শেষের দিন এই উৎসব পালন করা হয়। এই দিন বাঙালিরা বিভিন্ন ধরণের অনুষ্ঠান আয়োজন করে থাকে। তার মধ্যে বাংলার পিঠে-পুলি উৎসব মানে হাজারো রকমের আয়োজন। কী নেই তাতে সড়াই পিঠে থেকে শুরু করে পাটি-সাপটা, পুলি, ভাপা পিঠে। এর সঙ্গে জুড়ে দিন নলেন গুড়ের পায়েস। বাঙালির রসনায় এমন মিষ্টি আর পিঠের স্বাদ দ্বিতীয়টি পাওয়া কঠিন। খাওয়া, ঘুড়ি উড়ানো অন্যতম। সারাদিন ঘুড়ি উড়ানোব পরে সন্ধ্যায় পটকা ফুটিয়ে ফানুস উড়িয়ে উৎসবের সমাপ্তি করে। বাউল গান এই পার্বণের অন্যতম আকর্ষণ। মকরসংক্রান্তি'-র পৌরাণিক ব্যাখ্যাও যথেষ্ট চমকে দেওয়ার মত। সূর্য নাকি এই লগ্নে তাঁর ছেলে মকর অধিপতি শনির বাড়ি যাত্রা শুরু করেছিলেন। তাই এই দিনটিকে বাবা-ছেলের সম্পর্কের মিলনের দিন হিসেবে পালন করা হয়। আবার মহাভারতে ভীষ্মের শরশয্যার সঙ্গে মকরসংক্রান্তির ঘনিষ্ঠ সম্পর্কের গল্প পেয়েছে আলাদা মাত্রা।প্রিয় প্রপৌত্র অর্জুনের অগুন্তি শরে কুরুক্ষেত্রের ভূমিতে শরশয্যা হয়েছিল ভীষ্মের। ভীষ্ম পিতা শান্তনুর থেকে পেয়েছিলেন স্বেচ্ছামৃত্যুর বর। তাই শরশয্যায় শুয়েও তিনি সহ্য করে গিয়েছিলেন মৃত্যুর অধিক যন্ত্রণা। কারণ, সেইসময় চলছিল সূর্যের দক্ষিণায়ন। তবেই দেশের বিভিন্ন রাজ্যে ভিন্ন ভিন্নভাবে মকর সংক্রান্তি উৎসব পালিত হয়। আমাদের দেশে মকর সংক্রান্তির বিভিন্ন রূপের দিকে একটু ভাল করে তাকানো যাক। তামিলনাড়ুতে মহা ধুমধামে পোঙ্গল উদ্যাপন করা হয়, আমাদের হিসেবে পৌষ মাসের শেষ দিনে এর শুরু, চলে পরের মাসের (ওঁরা সেই মাসটিকে বলেন 'থাই') তৃতীয় দিন অবধি। তেলুগু অঞ্চলেও এই উৎসব চার দিনের, যদিও অন্য বেশির ভাগ অঞ্চলেই তা এক বা দু'দিনের ব্যাপার। পঞ্জাবের লোহ্রির মতোই তামিলরা প্রথম দিনে কাঠকুটো জড়ো করে আগুন জ্বালান এবং সেই আগুনে পুরনো কাপড়চোপড় ও অন্যান্য জিনিসপত্র আহুতি দেন: জীর্ণ পুরাতনকে বিসর্জন দিয়ে নতুনের আবাহন। পরের দিন দুধ আর গুড় মিশিয়ে চার মধ্যে নতুন 'ভাজা' চাল এবং মুগডাল ফোটানো হয়, যতক্ষণ না সেই দুধ উথলে ওঠে; এবং দুধ উথলে ওঠার জন্য এই দিনটিতে বাড়ির বউকে বকুনি খেতে হয় না, বরং তিনি অভিনন্দিত হন, কারণ দুধ ওথলানোকে শুভলক্ষণ বলে গণ্য করা হয়, তাই সবাই উচ্চকণ্ঠে 'পোঙ্গালো পোঙ্গল' বলে হর্ষ প্রকাশ করেন।তবে বাংলার ক্ষেত একটু অন্যরকম মকর সংক্রান্তি গঙ্গা সাগর কপিল দেবের ইতিহাস জড়িয়ে রয়েছে। সব তীর্থ বারবার গঙ্গাসাগর একবার, একথাটি আমরা বহু প্রাচীন মানুষের মুখে শুনে আসছি। আজও চলছে তবে গঙ্গাসাগর ইতিহাসের সঙ্গে মকর সংক্রান্তি স্থানের বিষয়টিকে একটু আপনাদের সামনে, আমি আমার কলমে তুলে ধরছি।আগামী ১৫ জানুয়ারি পালিত হবে মকর সংক্রান্তি । ১৪ জানুয়ারি রাত ২:০৭ মিনিটে শুরু পড়ছে সংক্রান্তি। বুধবার এই সংক্রান্তির পূণ্য সময় শুরু হচ্ছে ৭:১৫ মিনিটে আর শেষ হচ্ছে বিকেল ৫:৪৬ মিনিটে। মোট ১০ ঘন্টা স্থায়ী হবে মকর সংক্রান্তি।একটি বছরে মোট ১২ টি সংক্রান্তি হয়। আর তারমধ্যে সবচেয়ে বেশি তাৎপর্যপূর্ণ সংক্রান্তি হল মকর সংক্রান্তি। এই সময় সূর্যের দক্ষিণায়ণ থেকে উত্তরায়ণ শুরু হয়। আর সূর্যের এই উত্তরায়ণকে অনেকেই 'উদয় পর্ব ' হিসাবে পালন করে। দেশের বিভিন্ন জায়গায় আয়োজিত হয় পুজো পাঠ।

বছরের প্রথম অনুষ্ঠান আসতে চলেছে ২০২০ সালের মকর সংক্রান্তির হাত ধরে। যে সংক্রান্তির দিন দেশের এক একটি জায়গায় একএক ধরনের অনুষ্ঠান পালিত হয়। দক্ষিণ চব্বিশ পরগনার কাকদ্বীপ মহকুমার অন্তর্গত সাগরদ্বীপ দ্বীপ হলেও যথেষ্ট বড়। উত্তর-দক্ষিণে প্রায় ৩০ কিলোমিটার এবং পূর্ব-পশ্চিমে সব চেয়ে চওড়া অংশ ১১ কিলোমিটার। সমুদ্র তথা সাগর বেষ্টিত দ্বীপ, তাই নাম হয়েছে সাগরদ্বীপ। কেউ কেউ বলেন সাগর রাজার নাম থেকেই এই নাম। সাগরদ্বীপ আজ পশ্চিমবঙ্গের অন্যতম পর্যটন কেন্দ্র হিসেবে পরিচিত। তবে তার সর্বভারতীয় পরিচিতি সাগর মেলার জন্য।সাগর মেলা মানুষের মেলা। পুণ্যকামী, গ্রাম ভারতের সহজ সরল মানুষের মেলা। এখানে দেখা যায় নানা পোশাকের মানুষের বিচিত্র সমাবেশ। বৈচির্ত্য তাদের খাওয়া দাওয়া, আদবকায়দা, ভাষাতেও। প্রতি বছর পৌষ সংক্রান্তি তিথিতে মকর স্নান উপলক্ষে বসে এই মেলা। তার সঙ্গে চলে গঙ্গাপূজা, পিতৃতর্পণ, বৈতরণী পার প্রভৃতি ক্রিয়াকলাপ। মূলত স্নান চলে তিন দিন। সংক্রান্তির আগের দিন বাউনির স্নান, সংক্রান্তির দিন মকর স্নান এবং পয়লা মাঘ মাঘী স্নান। শেষ কপিলমুনির আশ্রমে পুজো দিয়ে বাড়ি ফেরা।পৌষ সংক্রান্তির গ্রাম-বাংলার অনেক জায়গায় উঠোনে মড়াই-এর পাশে 'লক্ষ্মী'র পুজোর প্রচলন রয়েছে। এই বিশেষ দিনে বাড়ির উঠোনে গোবরজল দিয়ে ধুয়ে করে পবিত্র করে তোলা হয়। ধানকাটার সময় যে 'পৌষ তোলা'র চার-পাঁচ গুচ্ছ ধানগাছ বাড়িতে আনা হয়েছিল, সেই ধানের গাদা নামিয়ে মাথায় বহন করে নামানো হয় উঠোনে। গোটা উঠোন জুড়েই আলপনা, আঁকা হয় লক্ষ্মীর নানান গয়না; চাষের সমস্ত উপকরণ গরু, লাঙল, জোয়াল, মই রাখা হয় উঠোনে। পুজো শেষ হলেই ঠাকুর তোলা যায় না। রাতে লক্ষ্মীপেঁচা বা শেয়ালের (দক্ষিণ দামোদর অঞ্চলে শেয়াল লক্ষ্মীর বাহন বলে কথিত) ডাক শুনে উঠোন থেকে লক্ষ্মীকে ঘরে তোলা হয়। গভীর রাতে লক্ষ্মী তুলে উঠোন নিকিয়ে ঘুমতো যান গৃহিনীরা। ভারতে পৌষসংক্রান্তি নামেই, বাংলাদেশে এর নাম সাকরাইন, নেপালে এটা পরিচিত মাঘি নামে, থাইল্যান্ডে সংক্রান, লাওসে পি-মা-লাও, মিয়ানমারে থিং-ইয়ান এবং কম্বোডিয়ায় মহাসংক্রান নামে পরিচিত। মকরসংক্রান্তি হল সেই ক্ষণ যাকে ঘিরে এই উৎসব পালিত হয়।

প্রাচীনকাল থেকেই এই উৎসব চলে আসছে। তবে সুস্পষ্টভাবে কোন তথ্য পাওয়া যায় না। হতে পারে এটা হাজার বছরের উৎসব বা তারও আগের তবে পুরাণেও এর উল্লেখ আছে। যার মধ্যে আমরা উত্তর পেয়ে যাই। পুরাণ অনুযায়ী, মকর সংক্রান্তির এই মহাতিথিতেই মহাভারতের পিতামহ ভীস্ম শরশয্যায় ইচ্ছামৃত্যু গ্রহণ করেছিলেন। আবার অন্য মত অনুযায়ী, এই দিনই দেবতাদের সঙ্গে অসুরদের যুদ্ধ শেষ হয়েছিল।বিষ্ণুদেব অসুরদের বধ করে তাঁদের কাটা মুন্ডু মন্দিরা পর্বতে পুঁতে দিয়েছিলেন, তাই মকরসংক্রান্তির দিনই সমস্ত অশুভ শক্তির বিনাস হয়ে শুভ শক্তি প্রতিষ্ঠিত হয়েছিল বলে আজও মানা হয়ে থাকে। আবার অন্য মতে, সূর্য এ দিন নিজের ছেলে মকর রাশির অধিপতি শনির বাড়ি এক মাসের জন্য ঘুরতে গিয়েছিলেন। তাই এই দিনটিকে বাবা ছেলের সম্পর্কের একটি বিশেষ দিন হিসাবেও ধরা হয়।

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

# সিনেমার খবর

## নায়কের ব্যানার টাঙাতে গিয়ে প্রাণ গেল ৩ ভক্তের



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ৮ জানুয়ারি ছিল 'কেজিএফ' খ্যাত দক্ষিণী অভিনেতা যশের জন্মদিন। প্রিয় অভিনেতার জন্মদিন উপলক্ষে বিশেষ আয়োজনে ব্যস্ত ছিলেন ভক্ত-অনুরাগীরা। দিনটি নানাভাবেই উদযাপন করেছেন তারা। তবে এসবের মাঝেই ঘটেছে এক হৃদয়বিদারক ঘটনা। যশের জন্মদিন পালন করতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু হয়েছে তিন ভক্তের। সোমবার ভোরে কর্ণাটকের গদগ জেলায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মারা যান হনুমন্ত হরিজন (২৪), মুরালি নাদুভিনামনি (২০) ও নবীন গাজি (২০)। তারা তিনজনই ছিলেন অভিনেতা যশের ভক্ত। গদগ জেলার লক্ষ্মেশ্বর তালুকের সুরনাগি গ্রামে এই ঘটনা ঘটে। পুলিশ জানিয়েছে, যশের জন্মদিনের ব্যানার লাগানোর সময় বিদ্যুৎস্পৃষ্ট হন তিনজন। একইসঙ্গে আহত হন আরও তিনজন। ব্যানারটিতে একটি ধাতব ফ্রেম ছিল, যা একটি তারের সংস্পর্শে আসে। আহত তিনজনকে চিকিৎসার জন্য জেলা হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে।

কেজিএফ তারকা যশের জন্মদিন উদযাপনে ভক্তদের নানা পাগলামি, আয়োজন দেখা যায়। যদিও গত ৪ জানুয়ারি এক পোস্টে যশ জানিয়ে দেন, এবারের জন্মদিনে ভক্তদের সঙ্গে দেখা করতে পারবেন না তিনি। কারণ এই সময়ে তিনি শহরের বাইরে থাকবেন। তবুও প্রিয় তারকার জন্মদিনকে ঘিরে শহরে নানা আয়োজন রেখেছিলেন ভক্তরা। সেখানেই ঘটল এমনই এক মর্মান্তিক ঘটনা।

## বিবাদ ভুলে এক হচ্ছেন অভিষেক-ঐশ্বরিয়া?



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** দীর্ঘদিন ধরেই বলিউড পাড়ায় অভিষেক বচ্চন ও ঐশ্বরিয়া রায় বচ্চনের সংসার ভাঙনের গুঞ্জন শোনা যাচ্ছিল। এমনকি বিচ্ছেদের পথেও নাকি হাঁটতে চলেছেন তারা! তবে দাম্পত্য জীবনের কলহের মাঝে এবার এক হওয়ার গুঞ্জন উঠেছে অভিষেক-ঐশ্বরিয়ার। মাঝে এই তারকা দম্পতিকে কোনো অনুষ্ঠানে একসঙ্গে দেখা না গেলেও, ইদানিং তাদের সখ্যতা আগের মতোই দেখা যাচ্ছে। আর এতেই ভক্তদের মনে যেন খুশির ঢেউ উঠেছে। কারণ নেটিজেনদের প্রত্যাশা সব বিবাদ ভুলে যেন ফের এক হয়ে যান অভিষেক-ঐশ্বরিয়া। অবশেষে তাদের চাওয়াই সত্যি হতে চলেছে।

ফের শ্বশুর অমিতাভ, মেয়ে আরাধ্যা ও স্বামী অভিষেকের সঙ্গে আনন্দ করতে দেখা গেছে ঐশ্বরিয়াকে। তা-ও আবার খেলার মাঠে। 'জয়পুর পিংক প্যান্থার্স' কাবাডি দলের মালিক অভিষেক।

গত ৬ জানুয়ারি সর্দার বল্লভভাই পটেল স্টেডিয়ামে স্বামীর কবাডি দলের হয়ে গলা ফাটান ঐশ্বরিয়া ও মেয়ে আরাধ্যা। তাদের সঙ্গে গলা মেলান শ্বশুর অমিতাভও। এর আগে 'আর্চিজ'র প্রিমিয়ার ও আরাধ্যা বচ্চনের স্কুলের অনুষ্ঠানে একসঙ্গে দেখা গেছে তাদের।

ভারতীয় গণমাধ্যম হতে জানা যায়, গ্যালারির দর্শকের আসনের প্রথমে বসেছেন অভিষেক, পাশে বাবা অমিতাভ। তাদের পাশেই দেখা যায়, ঐশ্বরিয়া আর আরাধ্যাকে। সামাজিক যোগাযোগমাধ্যমে এই ছবিটিই প্রকাশ্যে আসার পর থেকে যেন স্বস্তি পেয়েছেন অভিষেক-ঐশ্বরিয়ার ভক্তরা।

## চোখের জলে কেবিসির মঞ্চকে বিদায় জানালেন অমিতাভ





**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** জলে ভিজে আছে চোখের কোণ। কথা বলতে গিয়ে বারবার থামছেন। কাঁপা ঠোঁটেই এবারের মতো শেষবিদায় জানালেন অমিতাভ বচ্চন। বছরের শেষ সময় এসে শেষ হল কৌন বনেগা ক্রোড়পতির ১৫ নম্বর সিজন। দীর্ঘ সফরে এই শো-এর সঙ্গে একাত্ম হয়ে গিয়েছেন সঞ্চালক বিগ বি। ২৯শে ডিসেম্বর শেষবারের মতো টিভির পর্দায় সম্প্রচারিত হল কেবিসি সিজন ১৫।

অ্যাপিসোডের শেষে ইমোশন্যাল অমিতাভ। তাকে বলতে শোনা গেল, 'দেবীও অউর সজ্জনো, এবার আমি আসছি। কাল থেকে এই মঞ্চ আর সাজবে না...।'



ফ্ল্যাশব্যাকে ভেসে ওঠে সিজনের পুরোনো ঝলক। দর্শকাসনে বসা এক মহিলা বলেন, 'আমরা ভগবানকে দেখিনি, তবে ভগবানের সবচেয়ে প্রিয় পাত্রকে চোখের সামনে দেখছি।' অমিতাভ ফের শুরু করেন, 'কাল থেকে এখানে আসব না, আপনজনদের এ কথা বলবার না তো হিম্মত আছে, না ইচ্ছে। আমি, অমিতাভ বচ্চন এই মঞ্চ থেকে এইবারের মতো শেষ দফায় বলছি শুভ রাত্রি'।

কৌন বনেগা ক্রোড়পতির শেষ এপিসোডে অমিতাভের মুখোমুখি হয়েছিলেন শর্মিলা ঠাকুর, বিদ্যা বালান, শীতল দেবী, সারা আলি খানরা। শো-তে বিদ্যা জানান, মেগাস্টার অমিতাভ তার মেয়ে বেলাকে কীভাবে প্রভাবিত করেছেন। অন্যদিকে জয়া-অমিতাভকে নিয়ে নিজের অজস্র স্মৃতি ভাগ করে নেন শর্মিলা।

গত ২০ সপ্তাহ ধরে নিয়মিত টিভির পর্দায় অমিতাভের এই কুইজ শো দেখতে অভ্যস্ত হয়ে পড়েছিল দর্শক। সেই অভ্যাসে ছেদ পড়ল অবশেষে। ২৩ বছর ধরে এই রিয়ালিটি শো-এর সঙ্গে ওতোপ্রোতভাবে জড়িত শাহেনশা। ১৫টি সিজনের মধ্যে ১৪টি সিজন হোস্ট করেছেন অমিতাভ। একবার তাঁর আসন দখল করেছিলেন শাহরুখ খান। তবে প্রিয় কিং খানেও অমিতাভের জায়গায় গ্রহণ করেনি জনতা।

১৫ নম্বর সিজনে নতুন চমক ছিল 'সুপার সিন্দুক'। ৩লক্ষ ২০ হাজার টাকা জেতবার পর এই রাউন্ড খেলার সুযোগ পেত প্রতিযোগী। র‍্যাপিড ফায়ার এই রাউন্ডে ১ লক্ষ টাকা জয়ের সুযোগ থাকত। অন্যদিকে ৫০.৫০ লাইফলাইনের জায়গা নিয়েছিল ডবল ডিপ।

## সালমানের খামার বাড়িতে প্রবেশের চেষ্টা, গ্রেফতার ২



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** গত বছরে একাধিক বার প্রাণনাশের হুমকি পেয়েছেন বলিউড তারকা সালমান খান। এসেছে হুমকি ফোন, ইমেলও। নতুন বছরের শুরুতেই এবার সালমানের খামারবাড়িতে ঢোকার চেষ্টা করেন দুই ব্যক্তি। মুম্বাই পুলিশের তৎপরতায় তাদের গ্রেফতার করা হয়।

ভারতের বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত প্রতিবেদন থেকে এতথ্য জানা গেছে।

গত ৪ জানুয়ারি মুম্বাইয়ের কাছে পানভেলে সালমানের খামারবাড়িতে ঘটে এ ঘটনা। অজেশ কুমার এবং গুরুসেবক সিংহ দুই ব্যক্তি ভুয়া পরিচয় দিয়ে খামার বাড়িতে ঢোকার চেষ্টা করেন। অজয় নিজেকে ওমপ্রকাশ গিল এবং গুরুসেবক নিজেকে তেজসিংহ শিখ নামে পরিচয় দিয়েছিলেন। নিজেদের সালমানের অনুরাগী বলে দাবি করলেও পরে জানা যায়, ভুয়া নামের সাহায্যে খামারবাড়ির ভেতরে ঢোকার পরিকল্পনা ছিল তাদের।

শুধু তা-ই নয়, খামারবাড়ির চারপাশে কাঁটাতারের বেড়া কেটে দেয়াল টপকে ভেতরে যাওয়ারও চেষ্টা করেন দুই অভিযুক্ত। সন্দেহের বশে পুলিশকে ফোন করেন খামারবাড়ির নিরাপত্তারক্ষীরা। পুলিশ এসে গ্রেফতার করেন তাদের। অভিযুক্তদের কাছ থেকে উদ্ধার হয় ভুয়া আধার কার্ডও।

পুলিশ জানায়, নিউ পানভেলের ওয়াজে সালমান খানের ওঅর্পিতা ফার্ম হাউস্-এ প্রবেশের চেষ্টা করার জন্য দুজনের বিরুদ্ধে পানভেল গ্রামীণ থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। আরও তদন্ত করা হচ্ছে।

## কেপটাউন টেস্টের

# পিচ নিয়ে ক্ষিপ্ত গাভাস্কার



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** সম্প্রতি টেস্ট ক্রিকেটের ইতিহাসে বল হিসেবে সবচেয়ে 'সংক্ষিপ্ততম টেস্ট' ম্যাচ হয়েছে ভারত-দক্ষিণ আফ্রিকার মাঝে। মাত্র দেড় দিনে ১০৭ ওভারের ম্যাচটিতে ভারত ৭ উইকেটে জিতেছে। টেস্টের প্রথম দিনেই পড়ে গিয়েছিল ২৩টি উইকেট, যা এখন ক্রিকেটাঙ্গনের বেশ আলোচিত বিষয়।

টেস্ট ম্যাচ চলাকালীন টেলিভিশনে পিচ রিপোর্টে সাবেক দক্ষিণ আফ্রিকা অধিনায়ক শন পোলক 'নিউল্যান্ডসের কিউরেটর ভুল করেছেন' বলে মন্তব্য করেছিলেন।

তবে কেপটাউন টেস্টের ওই পিচ নিয়ে ক্ষোভ ঝেড়েছেন সাবেক ভারত অধিনায়ক সুনীল গাভাস্কার।

অতীতে ভারত নিজেদের মাটিতে স্পিনিং উইকেট তৈরি করে বেশ কয়েকবার সমালোচিত হয়েছিল। আড়াই-তিন দিনের মধ্যে খেলা শেষ হওয়া বেশ কয়েকটি টেস্টের পিচকে 'বাজে' আখ্যাও দেয় আইসিসি।

ভারত টার্নিং উইকেট বানালে সেটি প্রতারণা', আর তারা উইকেটে গড়বড় করলে সেটি 'ভুলক্রমে' হয়ে গেছে বলা হয় উল্লেখ করে এক কলামে গাভাস্কার বলেছেন, ক্রিকেটের পুরোনো শক্তিরা ভারতকে 'হেয়' করার চেষ্টা করে সব সময়।

## পাকিস্তানের কোচের দায়িত্ব

# ছেড়ে কাউন্টি ক্লাবে ব্যাডবার্ন



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** পাকিস্তান জাতীয় দলের প্রধান কোচের দায়িত্ব ছেড়ে ইংল্যান্ডের কাউন্টি দল গ্ল্যামরগনের সঙ্গে তিন বছরের চুক্তি করেছেন গ্র্যান্ট ব্যাডবার্ন। আগামী মাস থেকে দলটির প্রধান কোচ হিসেবে কাজ শুরু করবেন তিনি।

সামাজিক যোগাযোগমাধ্যম 'এক্স'-এ করা পোস্টে ব্যাডবার্ন লেখেন, পাকিস্তান ক্রিকেটের সঙ্গে দারুণ অধ্যায়টা শেষ করার সময় এখনই। পাঁচ বছরে তিনটি ভূমিকায় ছিলাম, নিজের অর্জন নিয়ে আমি গর্বিত। দুর্দান্ত কিছু খেলোয়াড়, কোচ ও স্টাফদের সঙ্গে কাজ করার সুযোগ পেয়েও আমি কৃতজ্ঞ।

২০১৮ সালে পাকিস্তানের সহকারী হিসেবে যোগ দেন ব্যাডবার্ন। এরপর ২০২০ সালে পান হাইপারফরম্যান্সের দায়িত্ব। গত বছর সাকলায়েন মুশতাকের কাছ থেকে পাকিস্তানের প্রধান কোচের দায়িত্ব পেয়েছিলেন ব্যাডবার্ন। এরপর নিউজিল্যান্ড ও শ্রীলঙ্কার বিপক্ষে টেস্ট সিরিজ ছাড়াও অক্টোবর-নভেম্বরে অনুষ্ঠিত বিশ্বকাপেও পাকিস্তানের কোচের দায়িত্ব পালন করেন তিনি। যদিও দলের মূল কর্তৃত্ব ছিল টিম ডিরেক্টর মিকি আর্থারের হাতে।

## স্মিথ লারার ৪০০ রানের রেকর্ড

# ভাঙলে অবাক হব না: ক্লার্ক



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সদ্য সমাপ্ত পাকিস্তান সিরিজেই টেস্ট ক্রিকেট থেকে ডেভিড ওয়ার্নার। বাঁহাতি এই ওপেনারের বিকল্প নিয়ে আলোচনা হচ্ছে বেশ। স্টিভেন স্মিথ নিজেই ওপেনিংয়ে ব্যাট করার ইচ্ছা প্রকাশ করেছেন। অধিনায়ক প্যাট কামিন্স অবশ্য সেই প্রসঙ্গে বলেছেন, ওয়ার্নারের বিকল্প খুঁজতে গিয়ে ব্যাটিং অর্ডারে এলোমেলো হবে না। তবে স্মিথকেই সমর্থন করলেন সাবেক অজি অধিনায়ক মাইকেল ক্লার্ক।

ইএসপিএনক্রিকইনফোর পডকাস্ট অ্যারাউন্ড দ্য উইকেটে অস্ট্রেলিয়ার সাবেক এই অধিনায়ক বলেন, 'যদি সে (স্মিথ) ওপেন করতে চায়, আমি মনে করি তারা (টিম ম্যানেজমেন্ট) তাকে সুযোগ দেবে। প্যাটির (কামিন্স) কথা শুনে মনে হলো, এটি সহজ কাজ। আমি মনে করি, স্মিথ না চাইলে ওয়ার্নারের জায়গায় ক্যামেরন গ্রিন ব্যাট করবে। যদি স্মিথ ওপেন করে তাহলে গ্রিন চার অথবা ছয়ে ব্যাট করবে।' 'সে এতোটাই ভালো খেলোয়াড় যে সে এই চ্যালেঞ্জটা নিতে মুখিয়ে। যদি সে ওপেন করে তাহলে ১২ মাসের ভেতরই সেরা ওপেনার হয়ে উঠবে। অবাক হব না, যদি সে ব্রায়ান লারার রেকর্ড ভেঙে দেয়। কারণ সে ততটাই ভালো এবং আর এখন তো ব্যাটিং করার জন্য পুরো দিন পাবে।'

এর আগে সিডনি টেস্টের তৃতীয় দিনশেষে স্মিথ বলেন, 'আমি আসলে খুশিমনেই উপরে ব্যাট করতে চাইব। এটাই যদি তারা চায় তাহলে আমি আগ্রহী। আমি নিশ্চিত নির্বাচক কমিটি, রন (হেড কোচ) ও প্যাটি এই ম্যাচ শেষে কথা বলবে। তবে আমি নিশ্চিতভাবেই আগ্রহী।'

২০১০ সালে অভিষেক হওয়ার পর ১০৫ টেস্ট খেলেছেন স্মিথ। লেগ স্পিনার থেকে পুরোদস্তুর ব্যাটারে পরিণত হন তিনি। ৩২ সেঞ্চুরির মধ্যে তার সর্বোচ্চ সংগ্রহ ইংল্যান্ডের বিপক্ষে ২৩৯ রান। এখন পর্যন্ত ট্রিপল সেঞ্চুরির দেখা না পাওয়া স্মিথ কি পারবেন সেই রেকর্ড ভাঙতে?

## ব্রাজিলের কোচ

# হওয়ার দৌড়ে এগিয়ে কে?



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** কাতার বিশ্বকাপের কোয়ার্টার ফাইনালে ক্রোয়েশিয়ার কাছে টাইব্রেকারে হেরে যায় ব্রাজিল। পরপরই পদত্যাগের ঘোষণা দেন দলের কোচ তিতে। এরপর ১৪ মাসেরও বেশি সময় পার হলেও এখনও স্থায়ী কোচ নিয়োগ দিতে পারেনি ব্রাজিলিয়ান ফুটবল কনফেডারেশন (সিবিএফ)। বিপরীতে অন্তর্বর্তীকালীন কোচ ফার্নান্দো দিনিজকেও বরখাস্ত করেছে পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়নরা।

দিনিজকে বরখাস্ত করার পরপরই খবর চাউর হয়ে গেছে, সাও পাওলোর কোচ দরিভাল জুনিয়রকে নতুন কোচ হিসেবে নিয়োগ দিতে যাচ্ছে ব্রাজিল ফুটবল কর্মকর্তারা।

এ বিষয়ে সিবিএফ সভাপতি রদ্রিগেজ জানিয়েছেন, দরিভালের ব্যাপারে ইতোমধ্যেই সাও পাওলোর সভাপতির সঙ্গে আলাপ করেছেন তিনি। তবে এখনই দরিভালকে ছাড়তে রাজি নয় সাও পাওলো। ধারণা করা হচ্ছে, সমঝোতার ভিত্তিতে শেষ পর্যন্ত ব্রাজিলের ডাগআউটে দরিভালকেই দেখা যাওয়ার সম্ভাবনা বেশি।

অন্যদিকে রিয়াল মাদ্রিদ কোচ ব্রাজিলকে না করায়, ধারণা করা হচ্ছিল হোসে মরিনহোকে নিয়োগ দিতে পারে ব্রাজিল। যদিও মরিনহো এ নিয়ে বলে দিয়েছেন, ব্রাজিলের কাছ থেকে আনুষ্ঠানিক কোনো প্রস্তাব পাননি।

তাই বর্তমান পরিস্থিতি বিবেচনায় ইউরোপিয়ান কোচের চিন্তা থেকে সরে এসেছে ব্রাজিল। ফলে পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়নদের স্থায়ী কোচ হওয়ার দৌড়ে বর্তমানে সবচেয়ে এগিয়ে আছেন কোচ দরিভাল জুনিয়র।

## হঠাৎ টেস্ট ক্রিকেটকে

# বিদায় জানালেন ক্লাসেন



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** টেস্ট ক্রিকেট থেকে অবসরের ঘোষণা দিয়েছেন হেনরিখ ক্লাসেন। ২০১৯ সাল থেকে ২০২৩ সাল পর্যন্ত মাত্র চারটি টেস্ট খেলা প্রোটিয়া এই উইকেটকিপার ব্যাটার লাল বলের ক্রিকেট থেকে অবসর নিলেও সাদা বলে থাকছেন।

টেস্ট ছাড়ার ঘোষণা দিয়ে এক বিবৃতিতে ক্লাসেন বলেন, 'সঠিক সিদ্ধান্ত নিচ্ছি কি না, সেটা ভেবে কয়েকটি নির্ঘুম রাত কাটানোর পর আমি লাল বলের ক্রিকেট থেকে অবসরের সিদ্ধান্ত নিয়েছি। এটা কঠিন সিদ্ধান্ত, কারণ ক্রিকেটে বেশ বড় ব্যবধানে এটি আমার সবচেয়ে প্রিয় সংস্করণ।'

তিনি আরও জানান, 'মাঠে এবং মাঠের বাইরে যে লড়াইয়ের মুখোমুখি হয়েছি, সেগুলোই আমাকে আজকের ক্রিকেটার বানিয়েছে। দারুণ একটি ভ্রমণ ছিল এবং আমি দেশকে প্রতিনিধিত্ব করতে পেরে আনন্দিত। যেগুলো পেয়েছি, এর মধ্যে আমার ব্যাগি টেস্ট ক্যাপটিই সবচেয়ে মূল্যবান।'

# ইংল্যান্ড সিরিজেও অনিশ্চিত শামি



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** এখনো সারেনি মোহম্মদ শামির চোট। ফলে ইংল্যান্ডের বিরুদ্ধে প্রথম দুই টেস্টে না-ও খেলতে পারেন তিনি। শামি না খেললে দুর্বল হবে ভারতের পেস আক্রমণ। দেশের মাটিতে টেস্ট সিরিজের আগে শামির চোট বড় ধাক্কা দিয়েছে ভারতীয় শিবিরে।

ভারতীয় ক্রিকেট বোর্ড সূত্রে খবর, গোড়ালিতে চোট পাওয়ার পর শামি এখন বেঙ্গালুরুতে জাতীয় ক্রিকেট একাডেমিতে আছেন। সুস্থ হচ্ছেন তিনি। কিন্তু এখনো বোলিং শুরু করেননি শামি। ফলে ইংল্যান্ডের বিরুদ্ধে প্রথম দুই টেস্টে তার খেলা নিয়ে বড় সংশয় রয়েছে। তবে তৃতীয় টেস্ট থেকে তার দলে ফেরার সম্ভাবনা রয়েছে।

শামির চোট সত্ত্বেও তাকে রেখেই দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে টেস্টে সিরিজের দল ঘোষণা করেছিল বোর্ড। কিন্তু শেষ মুহূর্তে তাকে বাদ দেওয়া হয়। তার পরিবর্তে যোগ দেন আবেশ খান। যদিও প্রথম একাদশে সুযোগ হয়নি আবেশের।

ইংল্যান্ডের বিরুদ্ধে গুরুত্বপূর্ণ সিরিজ থাকাতেই শামিকে নিয়ে তাড়াহুড়ো করতে চাইছিল না বোর্ড। যশপ্রীত বুমরাহ ও মোহম্মদ সিরাজের পাশে শামি থাকলে ভারতের পেস আক্রমণ সামলাতে সমস্যা হবে ইংল্যান্ডের। কিন্তু এখন চোটের কারণে যদি প্রথম দুই টেস্টে শামিকে পাওয়া না যায়, তা হলে হয়তো মুকেশ কুমারকে দেখা যেতে পারে ভারতীয় দলে।

## ফুটবল কিংবদন্তি

# বেকেনবাওয়ার মারা গেছেন



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** খেলোয়াড় ও কোচ হিসেবে ফুটবল বিশ্বকাপ জয়ী জার্মান কিংবদন্তি ফ্রাঞ্জ বেকেনবাওয়ার মারা গেছেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৮ বছর। ফ্রাঞ্জ-এর পরিবারের সূত্র বিষয়টি নিশ্চিত করেছে। ইনস্টাগ্রামে বেকেনবাওয়ারের পরিবারের পক্ষ থেকে বলা হয়েছে, 'গভীর দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, আমার স্বামী বেকেনবাওয়ার মারা গেছেন। ঘুমের মধ্যে তার মৃত্যু হয়েছে। এ সময় পরিবারের সদস্যরা পাশে ছিলেন। কোন বিরক্তি ছাড়া নিরবে তার মৃত্যু শোক কাটাতে পারবো এই আশা করছি।'

বেকেনবাওয়ার ১৯৭৮ সালে ওয়েস্ট জার্মানির হয়ে ফুটবল বিশ্বকাপ জেতেন। দলটির অধিনায়কও ছিলেন তিনি। একই দেশের হয়ে ১৯৯০ সালে কোচ হিসেবে বিশ্বকাপ উচিয়ে ধরেন তিনি। খেলোয়াড় ও কোচ হিসেবে বিশ্বকাপ জয়ী তিনজনের একজন এই বায়ার্ন মিউনিখ কিংবদন্তি। ফ্রেঞ্জ বেকেনবাওয়ার ডিফেন্সিভ মিডফিল্ডার ছিলেন। তিনি ওয়েস্ট জার্মানির হয়ে ১০৩ ম্যাচ খেলে ১৪ গোল করেছেন। এছাড়া বায়ার্ন মিউনিখের হয়ে ৫৮৪ ম্যাচ খেলে ৭৫ গোল করেছেন। খেলোয়াড় হিসেবে বায়ার্ন মিউনিখের জার্সিতে তিনটি ইউরোপিয়ান কাপ ও চারটি জার্মান বুন্দেসলিগা জিতেছেন। কোচ হিসেবে বায়ার্নকে উয়েফা কাপ জিতিয়েছেন।

## ফিরলেন ডি ব্রুইনা,

# ম্যানসিটির বড় জয়



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** এফএ কাপের তৃতীয় রাউন্ডের ম্যাচ দিয়ে ইনজুরি কাটিয়ে মাঠে ফিরেছেন কেভিন ডি ব্রুইনা। বেলজিয়ান এই ফরোয়ার্ডের ফেরার দিনে দাপুটে জয়ে চতুর্থ রাউন্ডে উঠেছে ম্যানসিটি।

৭ জানুয়ারি ইতিহাদ স্টেডিয়ামে হাডার্সফিল্ড টাউনকে ৫-০ গোলের বড় ব্যবধানে হারিয়েছে পেপ গার্দিওলার বাহিনী।

শুরু থেকেই দাপট নিয়ে লড়তে থাকে সিটিজেনরা। এরপর ম্যাচের ৩৩তম মিনিটে ফিল ফোডেনের গোলে লিড পায় ম্যানসিটি। ম্যাচের খানিকটা সময় পরই ইনজুরিতে পড়ে মাঠ ছাড়েন ম্যানুয়েল আকাঞ্জি। তবে ফোডেনের দারুণ ফিনিশিং আর ব্রুইনার মাঠে ফেরা ম্যানসিটি সমর্থকদের আনন্দের জোয়ারে ভাসায়।

ম্যাচের ৩৭তম মিনিটে আর্জেন্টাইন ফরোয়ার্ড আলভারেস ব্যবধান দ্বিগুণ করলে ২-০ গোলে এগিয়ে থেকে প্রথমার্ধ শেষ করে গার্দিওলার দল। দ্বিতীয়ার্ধেও আধিপত্য ধরে রাখে ম্যানচেস্টার সিটি। ম্যাচের ৫৮তম মিনিটে হাডার্সফিল্ড ডিফেন্ডার বেন জ্যাকসনের ভুলে আত্মঘাতী গোল পায় ম্যানসিটি। ম্যাচের ৬৫তম মিনিটে নিজের দ্বিতীয় গোলে আদায় করেন ফোডেন। এরপর ম্যাচের ৭৪তম মিনিটে হাডার্সফিল্ডের জালে শেষ বলটি জড়ান জেরেমি ডকু।

# পাকিস্তান টি-টোয়েন্টি দলের সহ-অধিনায়ক রিজওয়ান



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** পাকিস্তান টি-টোয়েন্টি দলের সহ-অধিনায়ক বদলে ফেলা হয়েছে। নতুন সহ-অধিনায়কের দায়িত্ব পেলেন অভিজ্ঞ উইকেটকিপার- ব্যাটার মোহাম্মদ রিজওয়ান।

আজ এক বিবৃতিতে বিষয়টি জানিয়েছে পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি)।

নিউজিল্যান্ডের বিপক্ষে আসন্ন ৫ ম্যাচের টি-টোয়েন্টি সিরিজেই পাকিস্তান দলের অধিনায়ক শাহিন শাহ আফ্রিদির ডেপুটি হিসেবে দায়িত্ব পালন করবেন রিজওয়ান। আগামী ১২ জানুয়ারি থেকে শুরু হবে সিরিজটি।

২০২৩ ওয়ানডে বিশ্বকাপে পাকিস্তান দলের ভরাডুবির পর সব ফরম্যাটের নেতৃত্ব ছাড়েন বাবর আজম। এরপর বাঁহাতি ফাস্ট বোলার শাহিনকে দেওয়া হয় অধিনায়কত্ব। এবার তার ডেপুটি হলেন লিডারশিপ গ্রুপের আরেক সদস্য রিজওয়ান। এতদিন এই দায়িত্ব সামলেছেন শাদাব খান।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১ ■ মুখ্য সম্পাদক ঃ ড. রতন কুমার বাড়ৈ
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR